

প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১

[২০০৩ সাল পর্যন্ত সংশোধিত]

Petroleum Act, 1934 (XXX of 1934) এর Sections 4, 14(2), 21, 29(1) এবং 30(2), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ১৬ই নভেম্বর ১৯৮৯/২রা অগ্রহায়ন ১৩৯৬ তারিখের এস. আর. ও. ৩৮৯-আইন/৮৯ নং প্রজ্ঞাপনসহ পঠিতব্য-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল যাহার প্রাক-প্রকাশনা উক্ত Act এর Sections 29(2) এর বিধান মোতাবেক করা হইয়াছিল :

প্রথম পরিচ্ছেদ : প্রারম্ভিক

- ১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- এই বিধিমালা প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।
- ২। **সংজ্ঞা**।- (১) “আমেরিকান কোড” অর্থ গ্যাস সঞ্চালন ও পাইপিং সিস্টেম বিষয়ে আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড ইনস্টিটিউট কর্তৃক প্রণীত কোড নং ANSI B 31.8;
- (২) “উচ্চ চাপ” অর্থ গ্যাসের এমন চাপমাত্রা যাহা গেজের পরিমাপে কোন পাইপ লাইনের প্রতি বর্গ সেন্টিমিটারে ৭ কেজি বা ততোধিক ;
- (৩) “কম্প্রসর স্টেশন” বা “বুস্টার স্টেশন” অর্থ সঞ্চালন লাইন, বিতরণ লাইন বা গ্যাসাধারের গ্যাসের চাপ বৃদ্ধির জন্য স্থাপিত কেন্দ্র ;
- (৪) “কার্ব বক্স” অর্থ এমন একটি বক্স যাহা কোন প্রোথিত সার্ভিস লাইনে স্থাপিত কোন ভাঙে প্রবেশের পথ হিসাবে ব্যবহৃত হইতে পারে ;
- ১[(৪ক) “কনডেনসেট” অর্থ গ্যাস হইতে উপজাত হিসাবে সংগৃহীত তরল, যাহা মূলতঃ পেট্রোলিয়াম জাতীয় পদার্থ;
- (৪খ) “গ্যাদারিং লাইন” অর্থ গ্যাস কূপ হইতে গ্যাস প্রসেস প্ল্যান্টে গ্যাস পরিবহনের জন্য ব্যবহৃত পাইপ লাইন;]
- (৫) ১[“গ্যাস” অর্থ শিল্প, বিদ্যুৎ, সার, বাণিজ্যিক, গৃহস্থালী বা অন্য যে কোন কার্যে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস;]
- (৬) ১[“গ্যাস পরিবহন” অর্থ গ্যাস গ্যাদারিং, প্রবাহ, সঞ্চালন, বিতরণ বা সরবরাহ করা;]
- (৭) “নিম্নচাপ” অর্থ গ্যাসের এমন চাপমাত্রা যাহা গেজের পরিমাপে কোন পাইপ লাইনের প্রতি বর্গ সেন্টিমিটারে ৭ কেজির নীচে ;
- (৮) “নিরাপদ দূরত্ব” অর্থ বিধি ৩১ এ বিধৃত নিরাপদ দূরত্ব ;

- (৯) “নিয়ন্ত্রণ কেন্দ্র” (regulating station) অর্থ কোন গ্যাস সঞ্চালন লাইন বা বিতরণ ব্যবস্থায় গ্যাসের চাপ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে স্থাপিত কোন কেন্দ্র ;
- (১০) “পথাধিকার” অর্থ বিধি ৩৪ এ বিধৃত পথাধিকার;
- (১১) “পরিচালক” অর্থ, পাইপ লাইন বা তদসংশ্লিষ্ট ব্যবস্থাদির ক্ষেত্রে এমন কোন ব্যক্তি যিনি পাইপ লাইনের মাধ্যমে গ্যাস পরিবহণ করেন বা যিনি উহা পরিবহণের উদ্দেশ্যে নিজে বা অন্য কাহারো দ্বারা পাইপ লাইন ও তদসংশ্লিষ্ট ব্যবস্থা নির্মাণ করেন বা করান ;
- (১২) “পরিচালন চাপ” অর্থ পাইপ লাইনে যে চাপে গ্যাস প্রবাহিত হয়;

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে পরিবর্তিত।

- (১৩) “প্রধান পরিদর্শক” অর্থ Chief Inspector of Explosives in Bangladesh;
- (১৪) “পাইপ” অর্থ গ্যাস ^১[পরিবহণের] জন্য ব্যবহৃত পাইপ;
- (১৫) “পাইপাকৃতি গ্যাসাধার” অর্থ শুধুমাত্র গ্যাস মজুদের জন্য ব্যবহৃত কোন পাইপ বা পাইপের অনুরূপ আধার অথবা পরস্পর সংযুক্ত এইরূপ একাধিক পাইপ বা আধারের সমষ্টি;
- (১৬) “বিতরণ ব্যবস্থা (distribution system) অর্থ যে কোন বিতরণ লাইন, সার্ভিস লাইন বা তদসংশ্লিষ্ট ব্যবস্থা;
- (১৭) ^২[“বিতরণ লাইন” অর্থ এমন পাইপ লাইন যাহা সঞ্চালন লাইন বা মূখ্য বিতরণ লাইন হইতে গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে সার্ভিস লাইনে গ্যাস সরবরাহের জন্য ব্যবহৃত হয়;]
- (১৮) “বোতলাকৃতি গ্যাসাধার” অর্থ শুধুমাত্র গ্যাস মজুদ রাখিবার জন্য ব্যবহৃত কোন বোতলাকৃতি আধার বা পরস্পর সংযুক্তি এইরূপ আধার-সমষ্টি ;
- (১৯) “ব্যক্তি” বলিতে কোন কোম্পানি, ব্যবসায় প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা বা ব্যক্তি সংঘও ইহার অন্তর্ভুক্ত;
- ^৩[(২০) “ব্টিশ কোড” অর্থ Institution of Gas Engineers, U.K. কর্তৃক প্রণীত কোড;]
- (২১) “বাল্ক-ভালভ” অর্থ পাইপ লাইনের কোন নির্দিষ্ট অংশে গ্যাসের পরিবহণ বন্ধ রাখিবার উদ্দেশ্যে ব্যবহৃত ভালভ ;

- (২২) “ব্লো-ডাউন ভালভ” অর্থ এমন ভালভ যাহার দ্বারা পাইপ লাইন, পাইপ লাইনের কোন অংশ বা তদসংশ্লিষ্ট ব্যবস্থার অন্তর্গত গ্যাসের চাপ প্রশমনের উদ্দেশ্যে উক্ত গ্যাস বায়ুমন্ডলে নির্গত করা যায় ;
- ৭(২৩) “মুখ্য বিতরণ লাইন” অর্থ এমন বিতরণ লাইন যাহা সঞ্চালন লাইন হইতে কোন নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে বাহির হইয়া গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে এক বা একাধিক বিতরণ লাইনে গ্যাস সরবরাহের জন্য ব্যবহৃত হয়;
- (২৪) “রিলিফ ভালভ” অর্থ কোন পাইপ লাইনের গ্যাসের চাপমাত্রা অনুমোদিত চাপমাত্রা অপেক্ষা বেশী হইলে অতিরিক্ত চাপ প্রশমনের উদ্দেশ্যে উক্ত পাইপ লাইনের অন্তর্গত গ্যাস বায়ু মন্ডলে নির্গমনের জন্য স্থাপিত ভালভ;
- (২৫) “লাইসেন্স” অর্থ বিধি ৮৬(৩) এর অধীন প্রদত্ত লাইসেন্স;
- (২৬) “শাট-অফ-ভালভ” অর্থ কোন পাইপ লাইনের অন্তর্গত গ্যাসের প্রবাহ প্রয়োজনের সময় বন্ধ করার উদ্দেশ্যে কোন পাইপলাইনের স্থাপিত ভালভ;
- (২৭) “সংরক্ষণীয় পূর্তকর্ম” অর্থ মানুষ বা গৃহপালিত জীব-জন্তুর বসবাস বা অবস্থানের জন্য অথবা জন সমাবেশের জন্য ব্যবহৃত কোন ভবন বা স্থান অথবা এমন কোন স্থান যেখানে কোন দাহ্য পদার্থ মজুদ করা হয়; এবং কোন ডক, জাহাজঘাট, রেললাইন, সড়ক এবং পার্কও ইহার অন্তর্ভুক্ত হইবে, তবে গ্যাস স্থাপনার কোন অংশ বা স্থান ইহার অন্তর্ভুক্ত হইবে না;
- (২৮) “সঞ্চালন লাইন” অর্থ এইরূপ পাইপ লাইন যাহার মাধ্যমে কোন মুখ্য বিতরণ লাইন বা বিতরণ লাইনে গ্যাস পরিবহণ করা হয় অথবা যাহার দ্বারা দুই বা ততোধিক সঞ্চালন লাইনের মধ্যে পরস্পর সংযোগ রক্ষা করা যায়;
- (২৯) “সার্ভিস লাইন” অর্থ এইরূপ পাইপ লাইন যাহা কোন বিতরণ লাইন হইতে গ্রাহকের মিটার অথবা মিটার না থাকিলে, গ্রাহকের লাইন পর্যন্ত বিস্তৃত;
- (৩০) “স্বীকৃত” অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত।

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে পরিবর্তিত।

দ্বিতীয় পরিচ্ছেদ উপকরণ, ডিজাইন ও নির্মাণ

৩। **পাইপ-উপকরণের সাধারণ গুণাবলী।-** পাইপ ও পাইপ লাইন তৈরীর জন্য ব্যবহার্য অন্যান্য উপকরণ এইরূপ গুণাবলী সম্পন্ন হইবে, যেন উহা-

- (ক) সাধারণভাবে প্রত্যাশিত তাপমাত্রায় বা পরিবেশগত বিভিন্ন অবস্থায় পাইপ লাইনের কাঠামোগত অখন্ডতা (Structural integrity) বজায় রাখিতে সক্ষম হয়;

- (খ) পাইপ লাইনের অন্তস্থ গ্যাস বা পাইপ লাইনের ব্যবহৃত অন্যান্য পদার্থের সংস্পর্শে আসিলে, রাসায়নিকভাবে উক্ত গ্যাস বা পদার্থের উপর কোন বিরূপ প্রতিক্রিয়া না পড়ে;
- (গ) এই পরিচ্ছেদের অন্যান্য শর্তাবলী পূরণ করে।

৪। **পাইপের মান ইত্যাদি-** (১) স্বীকৃত মান (Recognized Standard Specification) অনুসারে তৈরী হইয়া থাকিলে, পাইপ লাইনে স্টীল পাইপ, ঢালাই লোহার (Ductile Iron) পাইপ, নমনীয় লোহার পাইপ প্লাস্টিক পাইপ বা তামার ব্যবহারযোগ্য হইবে।

- (২) কোন স্টীল পাইপের মান জানা না থাকিলেও উহা ব্যবহারযোগ্য হইবে যদি উক্ত পাইপ অ্যামেরিকান কোড বা ব্রিটিশ কোডের শর্তাবলী যথাসম্ভব পূরণ করে।
- (৩) পূর্বে ব্যবহৃত ঢালাই লোহার পাইপ, নমনীয় লোহার পাইপ বা প্লাস্টিক পাইপ ব্যবহার করা যাইতে পারে, যদি-

(ক) উহা স্বীকৃত মান অনুসারে তৈরী হইয়া থাকে;

(খ) সাধারণভাবে দৃষ্টিগোচর হয় যে, পাইপটি অক্ষত এবং উহা প্রয়োজনীয় সংযোগ লাগাইবার জন্য উপযুক্ত; এবং

(গ) উহা এমন কোন পাইপ লাইন হইতে অপসারিত হইয়া থাকে যাহার অন্তস্থ গ্যাসের চাপের মাত্রা ছিল প্রস্তাবিত পাইপ লাইনের অন্তস্থ গ্যাসের চাপমাত্রার সমান বা তদপেক্ষা বেশী।

৫। **পাইপ লাইন অপসারণ বা পুনঃস্থাপন-** (১) ৫ (পাঁচ) বৎসর বা তদুর্ধ্ব সময়কাল ব্যবহার হয় নাই এইরূপ পাইপ লাইন বা পরিত্যক্ত পাইপ লাইন ও সংশ্লিষ্ট স্থাপনাদি অপসারণ বা পুনঃস্থাপন করিতে হইলে উক্ত বিষয়ে অনুমতি চাহিয়া প্রধান পরিদর্শকের নিকট লিখিত আবেদন পেশ করিতে হইবে।

- (২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর প্রধান পরিদর্শক, সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিস্ফোরণ বা অগ্নি দুর্ঘটনার সম্ভাবনা আছে কি না তাহা সরেজমিনে পরিদর্শন করিয়া, লিখিত অনুমতি প্রদান করিবেন অথবা সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর পরীক্ষণের প্রয়োজন হইলে আবেদনকারীকে নির্ধারিত ফি প্রদান করিতে নির্দেশ দিতে পারিবেন।
- (৩) ফি প্রাপ্তির পর প্রধান পরিদর্শক স্বয়ং বা অপর কোন বিস্ফোরক পরিদর্শকের মাধ্যমে গ্যাস পরীক্ষণ যন্ত্রের সাহায্যে সংশ্লিষ্ট পাইপ লাইন এবং সংযুক্ত আবদ্ধ খালিস্থান (Confined Space) পরীক্ষা করিবেন এবং আবেদনকারীর গৃহীতব্য কার্যক্রম অগ্নিময় কাজ (Hot Work) এর জন্য নিরাপদ বিবেচিত হইলে তদমর্মে আবেদনকারীর অনুকূলে সনদপত্র প্রদান করিবেন।

[ব্যখ্যা : ‘নির্ধারিত ফি’ অর্থ সংশ্লিষ্ট কাজের জন্য সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত ফি।]

৬। **গ্যাসের বৈশিষ্ট্য-** (১) পাইপ লাইনে যাহাতে কোন তলানী না জন্মে তাহা নিশ্চিত করিবার জন্য এবং উহার পীড়নক্ষয়সহ (Stress Corrosions) যে কোন প্রকার ক্ষয়ের সম্ভাবনা হ্রাস করিবার জন্য গ্যাসের নিম্নরূপ বৈশিষ্ট্য থাকিবে, যথা :

(ক) পরিচালন চাপে গ্যাসের জলীয় শিশিরাংক (water dew point) ও হাইড্রোকার্বন শিশিরাঙ্ক সর্বদা পাইপ লাইনের তাপমাত্রার নীচে থাকিবে;

(খ) গ্যাস ধূলিকণা মুক্ত হইতে হইবে।

(২) তৈল-কুয়াশা (oil fog) যাহাতে গ্যাস প্রবাহের সহিত কম্প্রসর যন্ত্র (compressor) অতিক্রম করিতে না পারে সেজন্য প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৬। **পাইপের ডিজাইন।-** (১) পাইপ পাত্রের পুরুত্ব এইরূপ হইবে যেন পাইপ লাইন স্থাপনের পর উহার উপর সাধারণভাবে যে বহির্চাপ পড়িতে পারে তাহা সহ্য করিতে সক্ষম হয়; অথবা উহার গুরুত্ব উক্তরূপ পর্যাপ্ত না হইলে উক্ত বহির্চাপের প্রভাব হইতে উহাকে রক্ষার উদ্দেশ্যে অতিরিক্ত রক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১. এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

(২) ইস্পাত, ঢালাই লোহা, নমনীয় লোহা, প্লাস্টিক বা তামার পাইপের ডিজাইনের ফর্মুলায় পরিবর্তনযোগ্য উপাদানের মান (variable factor) নির্ণয়ের ক্ষেত্রে জান-মালের নিরাপত্তা যেন বিঘ্নিত না হয় তাহা নিশ্চিত করিতে হইবে এবং এইরূপ মান নির্ণয়ে অ্যামেরিকান কোড বা ব্রিটিশ কোডে বিধৃত নিরাপত্তা সংক্রান্ত বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

৩। (৩) অন্তচাপ, বহির্চাপ এবং উহার ভারতম্যজনিত পীড়ন (Stress) এবং ক্ষয়জনিত পুরুত্ব হ্রাস বিবেচনায় আনিয়া ডিজাইন সম্পন্ন করিতে হইবে।

(৪) বহির্চাপজনিত কম্পন, টর্সন (Torsion), তাপ হ্রাসজনিত পীড়ন, হাইড্রোস্ট্যাটিক চাপ ও অন্যান্য ভেরিয়েবল ফ্যাক্টরসমূহ বিবেচনায় আনিয়া পাইপ লাইনের পুরুত্ব নির্ধারণ করিতে হইবে।

(৫) স্টীল পাইপের ডিজাইন নিম্নলিখিত সূত্র ব্যবহার করিয়া হিসাব করিতে হইবে :

$$P = (2St/D) \times F \times E \times T$$

যেখানে-

P = ডিজাইন চাপ, প্রতি বর্গ ইঞ্চিতে পাউন্ড (পি.এস.আই.জি),

S = $\square\square\square\square\square\square\square\square\square\square$, পি. এস.আই.জি,

D = পাইপের বাহ্যিক ব্যাস, ইঞ্চি,

t = পাইপের গাত্রের পুরুত্ব, ইঞ্চি,

F = ডিজাইন ফ্যাক্টর,

E = লম্বালম্বি জয়েন্ট ফ্যাক্টর,

T = তাপীয় প্রভাব ফ্যাক্টর বা তাপ ডিরেটিং ফ্যাক্টর।

(৬) প্লাস্টিক পাইপের ডিজাইন নিম্নোক্ত সূত্র হইতে নির্ণয় করিতে হইবে :

$$P = 2St/(D-t) \times 0.32$$

যেখানে

P = ডিজাইন চাপ, পি.এস.আই.জি;

D = পাইপের বাহ্যিক ব্যাস, ইঞ্চি;

S = থার্মপ্লাস্টিকের দীর্ঘস্থায়ী চাপসহন ফ্যাক্টর,

t = পাইপের গাত্রের পুরুত্ব, ইঞ্চি।

(৭) সড়ক ব্রীজ বা রেল ব্রীজের সহিত সংযোজিতব্য অথবা শহরাঞ্চলের ঘনবসতিপূর্ণ স্থানে স্থাপিতব্য পাইপ লাইনের ডিজাইন ফ্যাক্টর হিসাব করিবার সময় উক্ত স্থানকে Class location 4 এবং অন্যান্য স্থানকে Class location 3 ধরিয়া ডিজাইন হিসাব করিতে হইবে।

[ব্যাখ্যা : Class location বলিতে যুক্তরাষ্ট্রের 49 Code of Federal Regulation : Part 192 এ উল্লিখিত Class location বুঝাইবে।]

৭। **পাইপ লাইনের বিভিন্ন অংশের ডিজাইন।-** পাইপ লাইনের প্রত্যেকটি অংশের ডিজাইন এইরূপ হইবে যেন পাইপ লাইনটি উহাতে সম্ভাব্য পরিমাণের গ্যাস চলাচলজনিত এবং উহার উপর আপতিত হইতে পারে এইরূপ ভরজনিত চাপ সহ্য করিতে সক্ষম হয়।

৮। **সঞ্চালন লাইন, ইত্যাদিতে পিগিং ব্যবস্থা।-** (১) সকল ৩০০ পিএসআইজি চাপসম্পন্ন সঞ্চালন লাইন বা মুখ্য বিতরণ লাইনের ডিজাইন এইরূপ হইতে হইবে যেন উহাতে জমা তলানী বা কোন তরল পদার্থ অপসারণের জন্য প্রয়োজনীয় পিগিং (Pigging) প্রক্রিয়া এবং পাইপ লাইনের অভ্যন্তরভাগে পরিদর্শন কার্য পরিচালনার ব্যবস্থা থাকে :

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

^২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

তবে শর্ত থাকে যে, ৩০০ পিএসআই হইতে ১৫০ পি এস আই পর্যন্ত মুখ্য বিবরণ পাইপ লাইন নির্মাণ করিবার সময়ে এমনভাবে ডিজাইন করিতে হইবে যাহাতে যে কোন প্রয়োজনের সময় পিগিং করা যায় এবং অস্বাভাবিকভাবে পিগ রিসিভার এবং পিগ লাঞ্চার স্থাপনের ব্যবস্থা থাকে।

(২) সমুদ্রপৃষ্ঠে স্থাপিত পাইপ লাইনের দুই প্রান্তে অর্থাৎ অফশোর প্ল্যাটফর্ম ও উপকূলের ভালভ স্টেশনে পাইপ লাইনকে পিগিং (Pigging) করিবার ব্যবস্থা রাখিতে হইবে।]

৯। **অতিরিক্ত চাপ প্রশমনের ব্যবস্থা।-** সব ধরনের পাইপ লাইন, ব্যবহারকালীন মিটার ও সংযুক্ত যন্ত্রপাতি, কম্প্রসর স্টেশন, যে কোন ধরনের গ্যাসাধার এবং অন্যান্য যন্ত্রপাতি যদি এইরূপ কোন কম্প্রসার যন্ত্র বা কোন গ্যাস উৎসের সহিত সংযুক্ত থাকে যে, উক্ত কম্প্রসার যন্ত্র বা উৎসে গ্যাস-চাপ

নিয়ন্ত্রণ এর ব্যর্থতা বা অন্যবিধ কারণে অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপ অপেক্ষা অধিক চাপের সৃষ্টি হইতে পারে, তাহা হইলে উক্ত পাইপ লাইন, যন্ত্রপাতি, স্টেশন বা আধারে যথাযথ চাপ প্রশমন যন্ত্র বা চাপ সীমিতকরণ যন্ত্র ব্যবহার করিতে হইবে।

১০। **ভালভ স্থাপনা-** (১) শাট অফ ভালভ বা ব্লক ভালভে সঞ্চালন লাইন, বিতরণ লাইন এবং সার্ভিস লাইনে যথাক্রমে বিধি ১১, ১২ এবং ১৩ তে বর্ণিত দূরত্বে ও স্থানে স্থাপন করিতে হইবে।

(২) কোন পাইপ লাইনের সহিত শাখা পাইপ লাইন সংযুক্ত হইলে সংযোগ স্থলের যতদূর সম্ভব কাছাকাছি শাট-অফ ভালভ স্থাপন করিতে হইবে।

(৩) ব্লো-ডাউন ভালভ এই বিধিমালার বিধান অনুযায়ী প্রয়োজনীয় ক্ষেত্রে এইরূপ স্থাপন করিতে হইবে যেন উহার মাধ্যমে বায়ুমন্ডলে গ্যাস নির্গমনের ফলে কোন বিপদের সৃষ্টি না হয়।

[(৪) অফশোর পাইপ লাইনের দুই প্রান্তে অর্থাৎ প্লাটফর্ম ও উপকূলে ভালভ স্টেশনে স্বয়ংক্রিয় ভালভ বসাইতে হইবে যাহাতে পাইপে কোনরূপ ছিদ্র দেখা দিলে সাথে সাথে ভালভ বন্ধ হইয়া যায়।]

১১। **সঞ্চালন লাইনের ভালভ-** (১) কোন সঞ্চালন লাইনে স্থাপিত দুইটি শাট-অফ-ভালভের মধ্যবর্তী দূরত্ব হইবে নিম্নরূপ, যথা :

(ক) কোন জনপদের মধ্যে দিয়া অতিক্রমকারী পাইপ লাইনের ক্ষেত্রে ১০ কিলোমিটার;

এবং

(খ) অন্যান্য ক্ষেত্রে ৩০ কিলোমিটার।

(২) উক্ত লাইনের ব্লক-ভালভ ও শাট অফ-ভালভগুলি এমনভাবে স্থাপন করিতে হইবে যেন প্রয়োজনের সময় অনুমোদিত ব্যক্তিগণ সহজেই উহার নাগাল পাইতে পারেন এবং যেন সহজে উহার কোন ক্ষতি বা ক্ষয় না হয়।

(৩) সঞ্চালন লাইনে স্থাপনযোগ্য ভালভসমূহ মাটির উপরে এমন উচ্চতায় স্থাপন করিতে হইবে যেন উক্ত উচ্চতা জানামতে বন্যার সর্বোচ্চ স্তর অপেক্ষা বেশী হয়, তবে কোন বিশেষ পরিস্থিতিতে, প্রধান পরিদর্শকের অনুমতি সাপেক্ষে, এইরূপ ভালভ মাটির নীচে একটি ভল্টে রাখার ব্যবস্থাও করা যাইবে।

(৪) উক্ত ভালভসমূহ যাহাতে উহাদের যথাযথ অবস্থান হইতে স্থানচ্যুত না হয় বা তৎসংলগ্ন পাইপ যাহাতে নাড়াচাড়া না করে সেই উদ্দেশ্যে ভালভের ভারবাহী অবলম্বনের ব্যবস্থা রাখিতে হইবে।

১২। **বিতরণ লাইনের ভালভ-** (১) সম্ভাব্য স্বল্পতম সময়ে বিতরণ লাইনের যে কোন অংশকে জরুরী অবস্থায় বন্ধ করিয়া দেওয়ার জন্য সহজে প্রবেশযোগ্য স্থানে শাট-অফ-ভালভ বা ব্লক-ভালভ স্থাপন করিতে হইবে। সংশ্লিষ্ট বিতরণ লাইনের পরিচালন চাপ, উক্ত লাইনের ব্যাস, গ্যাস প্রবাহ বন্ধ হওয়ার ফলে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত ব্যবহারকারী সংখ্যা ও শ্রেণী এবং স্থানীয় অন্যান্য অবস্থা বিবেচনা করিয়া এইরূপ ভালভসমূহের পারস্পরিক দূরত্ব নির্ণয় করিতে হইবে।

- (২) কোন বিতরণ লাইন নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রবেশ করিলে উহার প্রবেশ স্থান হইতে এমন দূরত্বে উক্ত লাইনে একটি শাট-অফ-ভালভ স্থাপন করিতে হইবে যেন কোন ছিদ্রপথে বেশী পরিমাণে গ্যাস নির্গমন অথবা উক্ত কেন্দ্রে অগ্নিকান্ড বা অনুরূপ কোন জরুরী অবস্থায় উক্ত ভালভ পরিচালনায় কোন অসুবিধা না হয়।
- (৩) কোন ক্ষেত্রে উপ-বিধি (২) এ উল্লিখিত ভালভ প্রাথমিক বাস্তব অথবা বেস্তনীৰ মধ্যে স্থাপন করা হইলে উক্ত বাস্তব বা বেস্তনীৰ এইরূপ স্থাপন করিত হইবে যাহাতে উহার ফলে বিতরণ লাইনের উপর বাহ্যিক চাপ না পড়ে।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

১৩। **সার্ভিস লাইনের ভালভ I-** (১) সার্ভিস লাইনের সহজে প্রবেশযোগ্য স্থানে শাট-অফ -ভালভ স্থাপন করিতে হইবে।

- (২) সার্ভিস লাইনে রেগুলেটর না থাকিলে, উক্ত ভালভ মিটারের উজানে অথবা, রেগুলেটর থাকিলে, রেগুলেটর উজানে স্থাপিত হইবে।
- (৩) যে সার্ভিস লাইনে ০.৭ কেজি/সেমি^২ অপেক্ষা অধিক গ্যাস প্রবাহিত হয় অথবা যে সার্ভিস লাইনের ব্যাস ৫ সেমি বা ততোধিক সেই লাইন কোন ভবনের সহিত যুক্ত হইলে উক্ত ভবনের বাহিরে সার্ভিস লাইনের কোন স্থানে শাট-অফ-ভালভ স্থাপন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে সার্ভিস লাইনটি কোন সিনেমা হল, মসজিদ, শিক্ষাগণ, কারখানা অথবা বড় ধরণের জনসমাগম হয় এইরূপ কোন ভবন বা অঙ্গনের সহিত যুক্ত হইলে, সিনেমা হল, মসজিদ, শিক্ষাগণ, কারখানা, ভবন বা অঙ্গনের বাহিরে একটি শাট-অফ-ভালভ স্থাপন করিতে হইবে।

- (৪) এই বিধির অধীন স্থাপনযোগ্য কোন কার্ঠ-বাক্স বা স্ট্যান্ড পাইপে স্থাপন করা যাইতে পারে, তবে উক্ত বাক্স বা পাইপের ডিজাইন এইরূপ হইবে যেন উহা আবৃত থাকে, টেকসই হয় ও ভালভটি সহজে পরিচালনযোগ্য হয় এবং উক্ত কার্ঠ বাক্স বা স্ট্যান্ড পাইপের ভারবাহী অবলম্বন ব্যবস্থা সার্ভিস লাইনের অবলম্বন ব্যবস্থা হইতে পৃথক হয়।

১৪। **ভল্ট ও উহার কাঠামো।-** শাট-অফ-ভালভ, রিলিফ ভালভ বা রেগুলেটরের ভূ-গর্ভস্থ ভল্ট এর ডিজাইন ও নির্মাণ কাজ নিম্নবর্ণিতরূপে সম্পন্ন হইবে, যথা :

- (ক) দূততা রক্ষার্থে প্রচলিত প্রকৌশলগত রীতি অনুসরণ করিতে হইবে;
- (খ) ভারী যান বা অধিক সংখ্যক যান চলাচল করে এমন মহাসড়ক বা অন্য কোন সড়কে অবস্থিত ভল্ট নির্মাণকল্পে টেকসই উপকরণ ব্যবহার করিতে হইবে, উহার ঢাকনার (cover) ডিজাইন এইরূপ হইবে যেন উক্ত ঢাকনার উপরস্থ রাস্তার অনূন্য প্রতি ৩৮ সেন্টিমিটার ব্যাসবিশিষ্ট কোন অংশের উপর দিয়া কোন যান চলাচলের ফলে ঢাকনার উপর আপতিত ৩২০০ কেজি পর্যন্ত চাপ উহা সহ্য করিতে পারে, তাহা ছাড়া ভল্টের দেওয়ালের ডিজাইন এইরূপ হইবে যেন উক্ত দেয়াল অন্ততঃ ১৭ কেজি/সেঃ মিঃ^২ আনুভূমিক চাপ সহ্য করিতে পারে;

- (গ) সকল ভল্টের অভ্যন্তরে কাজ করিবার সুবিধার্থে পর্যাপ্ত খালি জায়গা রাখিতে হইবে যেন উহার পরিচালন ও রক্ষণাবেক্ষণ সহজসাধ্য হয়;
- (ঘ) রেগুলেটরের ভল্টে প্রবেশকারী পাইপ এবং উহাদের অন্তস্থ পাইপ ইম্পাতের তৈরী হইতে হইবে, তবে গেজ ও নিয়ন্ত্রণকারী পাইপ তামার তৈরী হইলেও চলিবে;
- (ঙ) ভল্টের প্রবেশ পথ এইরূপ হইবে যাহাতে উহার অভ্যন্তরস্থ নিয়ন্ত্রক পাইপ (regulator) বা অন্যান্য সরঞ্জামের উপর কোন যন্ত্রপাতি বা অন্যান্য জিনিস বা ভল্টে প্রবেশকারী কোন ব্যক্তির ভর পতিত না হয়।
- ১৫(চ) হাসপাতাল, স্কুল, মসজিদ ইত্যাদির নিকট চাপ নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের কারণে শব্দ দূষণের সম্ভাবনা দেখা দিলে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :
- (অ) প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণপূর্বক যথোপযুক্ত ভেন্টিলেশন সিস্টেম সম্পন্ন শব্দরোধক আরসিসি নির্মিত বন্ধঘর অথবা লৌহ নির্মিত বাস্তুর অভ্যন্তরে চাপ নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন;
- (আ) উপযুক্ত বিবেচিত হইলে ভূ-গর্ভের নিরাপদ স্থানে চাপ নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা যাইবে, তবে বৃষ্টি বা বন্যার পানি রোধ এবং যথাযথ ভেন্টিলেশনের ব্যবস্থা করিতে হইবে;
- (ই) চাপ নিয়ন্ত্রণ কেন্দ্রের সীমানা প্রাচীর হইতে এক মিটার দূরত্বে শব্দের তীব্রতা অবস্থান ভিত্তিক ৬৫-৭৫ ডেসিবেল অপেক্ষা বেশী হইতে পারিবেনা।]

১৫। **কম্প্রসর স্টেশন।-** সকল কম্প্রসর স্টেশন বিধি ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ এবং ২২ এর শর্তবলী পূরণ করিবে।

১৬। **কম্প্রসর স্টেশনের ডিজাইন ও নির্মাণ।-** (১) সমুদ্রে অথবা অভ্যন্তরীণ নৌপথে অবস্থিত কোন প্ল্যাটফর্মের উপর নির্মিত কম্প্রসর স্টেশনের কম্প্রসর ভবন ব্যতীত, অন্যান্য কম্প্রসর স্টেশনের প্রত্যেকটি কম্প্রসর ভবন উহার পরিচালকের নিয়ন্ত্রণাধীন জমিতে স্থাপিত হইবে, এইরূপ ভবন সংরক্ষণীয় পূর্তকর্ম হইতে কমপক্ষে ২০ মিটার দূরে অবস্থিত থাকিবে এবং উক্ত ভবনের চতুর্পার্শ্বে এমন খালি জায়গা থাকিবে যাহাতে প্রয়োজনের সময় অগ্নিনির্বাপক সরঞ্জামাদি অনায়াসে চালানো যায়।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

(২) কম্প্রসর স্টেশনের প্রতিটি ভবন অদাহ্য উপকরণ দ্বারা নির্মাণ করিত হইবে।

(৩) কম্প্রসর ভবনের যে সকল তলা কম্প্রসর কার্য পরিচালনার জন্য ব্যবহৃত হয় সেই সকল তলার প্রত্যেকটিতে কমপক্ষে দুটি পৃথক বহির্গমন পথ থাকিতে হইবে যাহাতে কোন দুর্ঘটনা ঘটিলে লোকজন সহজেই কোন নিরাপদ স্থানে সরিয়া পড়িতে পারে; উক্ত বহির্গমনের পথের দরজাটি এইরূপ হইবে যেন কোন চাবি ছাড়াই উহা ভিতর দিক হইতে খোলা যায়। উক্ত

ভবনের বহির্দেওয়ালের দরজাও এইরূপে স্থাপন করিতে হইবে যেন দরজাটি খুলবার সময় উহার পাল্লা ভবনের ভিতর হইতে বাহিরের দিকে খোলে।

(৪) কম্প্রসর স্টেশনের চতুর্পাশ্বে বেষ্টনী থাকিলে উক্ত বেষ্টনীতে কমপক্ষে এমন দুটি ফটক বা অনুরূপ কোন স্থান থাকিলে যেন কোন দুর্ঘটনা ঘটিলে লোকজন সহজেই উক্ত ফটক বা স্থান দিয়া নিরাপদ জায়গায় সরিয়া পড়িতে পারে। এইরূপ ফটক বা স্থান কম্প্রসর ভবন হইতে ১০ মিটারের মধ্যে অবস্থিত হইলে উহা চাবি ছাড়াই ভিতর হইতে বাহিরের দিকে খুলিবার উপযুক্ত হইবে।

(৫) কম্প্রসর স্টেশনের অভ্যন্তরস্থ মিটার, ভালভ, সকেট, তার-সংযোজন ও সুইচসহ অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম Petroleum Rules, ১৯৩৭ এর Rule ১০৫ এর বর্ণিত বিধান অনুযায়ী ডিজাইনকৃত ও স্থাপিত হইবে।

১৭। **কম্প্রসর যন্ত্র হইতে তরল পদার্থ নিষ্কাশন।-** (১) গ্যাসে কোন বাষ্পের অবস্থানের ফলে সাধারণভাবে প্রত্যাশিত চাপ ও তাপের প্রভাবে তরল পদার্থ সৃষ্টি হইবার সম্ভাবনা থাকিলে কম্প্রসর যন্ত্রে যাহাতে উহার পক্ষে ক্ষতিকর পরিমাণের তরল পদার্থ উক্তরূপে সৃষ্টি না হয় তদুদ্দেশ্যে উপযুক্ত প্রতিরোধক ব্যবস্থা এবং জমাকৃত তরল পদার্থ অপসারণ যন্ত্র রাখিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত তরল পদার্থ অপসারণ যন্ত্রটি নিম্নরূপ বৈশিষ্ট্যসম্পন্ন হইবে, যথা :

(ক) উহা একটি হস্তচালিত যন্ত্র হইবে, এবং

(খ) কম্প্রসর যন্ত্রে ঘন তরল পদার্থ (slug of liquid) অনুপ্রবেশের সম্ভাবনা থাকিলে অপসারণ যন্ত্রে নিম্নরূপ যে কোন একটি ব্যবস্থা থাকিবে, যথা :

(অ) এইরূপ তরল পদার্থ অপসারণের সক্ষম স্বয়ংক্রিয় ব্যবস্থা;

(আ) কম্প্রসর যন্ত্রটি বন্ধ করার মত একটি স্বয়ংক্রিয় ব্যবস্থা;

(ই) এইরূপ তরল পদার্থ কম্প্রসর যন্ত্রের জন্য ক্ষতিকর পর্যায়ে পৌছাইলে তদসম্পর্কে সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা নির্দেশক একটি সংকেত ব্যবস্থা।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত অপসারণ যন্ত্রটি, উক্ত উপ-বিধিতে উল্লিখিত বৈশিষ্ট্য সম্পন্ন হওয়া ছাড়াও অ্যামেরিকান সোসাইটি অব মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স এর Boiler and Pressure Vessel Code Gi Section VIII অনুসারে প্রস্তুতকৃত হইবে :

তবে শর্ত থাকে যে, উক্ত যন্ত্র যদি অভ্যন্তরীণ ঝালাই (welding) ব্যতিরেকেই পাইপ এবং সংশ্লিষ্ট ফিটিংস সমন্বয়ে নির্মিত হয়, তাহা হইলে যন্ত্রটির ডিজাইন ফ্যাক্টর হইবে ০.৪ বা তদপেক্ষা কম।

১৮। **জরুরী অবস্থায় কম্প্রসর স্টেশন বন্ধকরণ ব্যবস্থা ইত্যাদি।-** (১) অনূর্ধ্ব ১০০০ অশ্বশক্তি সম্পন্ন কোন কম্প্রসর স্টেশন যেখানে তত্ত্বাবধানকারী কোন ব্যক্তি থাকে না সেইরূপ স্টেশন ব্যতীত অন্য সকল কম্প্রসর স্টেশনে এমন একটি জরুরী ব্যবস্থা থাকিবে, যাহা-

(ক) স্টেশন গ্যাসের প্রবেশ বন্ধ করিতে এবং ব্লো-ডাউন ভাল্ভের সাহায্যে স্টেশনের পাইপের গ্যাসকে বায়ুমন্ডলে নির্গত করিতে পারে;

(খ) কম্প্রসর যন্ত্র, গ্যাস হইতে পূর্বে সৃষ্ট আগুন, গ্যাস হেডার (gas header) এর নিকটস্থ ও কম্প্রসর ভবনের অভ্যন্তরস্থ বিদ্যুৎ প্রবাহ বন্ধ করিতে সক্ষম হয় :

তবে শর্ত থাকে যে, কম্প্রসর ভবন এবং গ্যাস হেডার অধ্যুষিত এলাকা কালি করার কাজে প্রয়োজনীয় আলোর ব্যবস্থাকরণের জন্য জরুরী বিদ্যুৎ সরবরাহকারী লাইন চালু রাখা যাইতে পারে;

(গ) অন্তত এমন দুইটি স্থান হইতে পরিচালনা করা যায় যে স্থানে-

(অ) উক্ত স্টেশনের গ্যাস এলাকার বাহিরে অবস্থিত;

(আ) বিধি ১৬(৪) এর উল্লিখিত ফটক বা স্থানের নিকট অবস্থিত, অথবা এইরূপ ফটক বা স্থান না থাকিলে বিধি ১৬(৩) এ উল্লিখিত বর্হিগমন পথের নিকটে অবস্থিত; এবং

(ই) স্টেশনের সীমানা হইতে ১৫০ মিটারের মধ্যে অবস্থিত।

(২) যদি কম্প্রসর স্টেশনটির মাধ্যমে সরাসরি এমন কোন বিতরণ লাইনে গ্যাস সরবরাহ করা হয় যাহাতে অন্য কোন উৎস হইতে পর্যাপ্ত গ্যাস সরবরাহের ব্যবস্থা নাই, তাহা হইলে উপ-বিধি (১) এ উল্লিখিত বন্ধকরণ ব্যবস্থার ডিজাইন এইরূপ হইবে যেন ভুল সময়ে উক্ত ব্যবস্থা চালু না হয় ও বিতরণ লাইনে উক্ত ব্যবস্থা হইতে সৃষ্ট অনভিপ্রেত প্রভাব না পড়ে।

১৯। কম্প্রসর স্টেশনের চাপ প্রশমন ব্যবস্থা।- (১) কোন কম্প্রসর স্টেশনে স্থাপিত পাইপসমূহ এবং যন্ত্রপাতির জন্য সর্বাধিক অনুমোদনযোগ্য পরিচালন চাপ যাহাতে উক্ত চাপের অতিরিক্ত ১০ শতাংশ অথবা ৪ কেজি, যাহা নিম্নতম মাত্রা অতিক্রম না করে তাহা নিশ্চিত করার মত উপযুক্ত চাপ প্রশমন ব্যবস্থা উক্ত স্টেশনে রাখিতে হইবে।

(২) কোন কম্প্রসর স্টেশনের চাপ রিলিফ ভালভ হইতে গ্যাস নিষ্কাশক নল এইরূপ স্থান পর্যন্ত সম্প্রসারিত হইবে যাহাতে নিষ্কাশিত গ্যাস হইতে কোন বিপদ সৃষ্টির সম্ভাবনা না থাকে।

২০। কম্প্রসর স্টেশনে অগ্নিকান্ড প্রতিরোধ ও নির্বাপন ব্যবস্থা।- (১) প্রত্যেক কম্প্রসর স্টেশনে যথাযথ অগ্নি নির্বাপন ও অগ্নি প্রতিরোধক সরঞ্জামাদির ব্যবস্থা রাখিতে হইবে অগ্নি নির্বাপক পাম্প যদি উক্ত ব্যবস্থার অংশ হয় তাহা হইলে উহাকে জরুরী বন্ধকরণ ব্যবস্থা হইতে স্বতন্ত্রভাবে পরিচালনযোগ্য রাখিতে হইবে।

(২) পিচ্ছিল পদার্থ (Lubricant) গ্যাসোলিন, পেইন্ট এবং কম্প্রসর স্টেশন চালানোর জন্য অন্যান্য দাহ্য উপকরণ একটি স্বতন্ত্র ভান্ডারগৃহে কম্প্রসর যন্ত্র হইতে অন্তত ২০ মিটার দূরত্বে রাখিতে হইবে।

(৩) কম্প্রসর স্টেশনের ভিতরে ও চতুর্পার্শ্বে সকল বিশিষ্ট স্থানে অগ্নিকান্ড সম্পর্কে সতর্কতামূলক ও জরুরী অবস্থার করণীয় কার্য সম্পর্কে বিস্তৃষ্টি বুলাইয়া রাখিতে হইবে।

২১। কম্প্রসর স্টেশনে কতিপয় অতিরিক্ত নিরাপত্তামূলক সরঞ্জামের ব্যবস্থা।- (১) প্রত্যেক কম্প্রসর স্টেশনের প্রধান চালক যন্ত্র (prime mover) এমন একটি স্বয়ংক্রিয় যন্ত্র থাকিতে হইবে যাহা উক্ত চালক যন্ত্রের গতি সর্বাধিক নিরাপদ গতি অতিক্রম করিবার পূর্বেই যন্ত্রটিকে বন্ধ করিয়া দিতে পারে।

(২) কম্প্রসর স্টেশনের প্রতিটি কম্প্রসর যন্ত্রের এমন একটি বন্ধকরণ ব্যবস্থা বা সতর্কতা নির্দেশক ব্যবস্থা থাকিতে হইবে যেন উক্ত যন্ত্রে শীতলীকরণ (cooling) বা পিচ্ছিলকরণ

ব্যবস্থা অপরিপূর্ণ হইয়া পড়িলে যন্ত্রটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যায় বা উক্ত অপরিপূর্ণতা সম্পর্কে সংকেত পাওয়া যায়।

২২। কম্প্রসর স্টেশনে বায়ু চলাচল ব্যবস্থা।- প্রত্যেক কম্প্রসর স্টেশনের কোন কক্ষ, গহবর বা অন্য কোন বেষ্টিত স্থানে গ্যাস জমা হওয়ার ফলে যাহাতে কর্মরত ব্যক্তিগণ বিপদাপন্ন না হয় তাহা নিশ্চিত করিবার উদ্দেশ্যে উক্ত স্টেশনের ভবনে বায়ু চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা রাখিতে হইবে।

২৩। অবলম্বন ও আঙটা প্রত্যেকটি পাইপ লাইন নিম্নবর্ণিত বৈশিষ্ট্যসম্পন্ন হইবে, যথা :

(ক) পাইপ লাইন এবং তদসংশ্লিষ্ট সরঞ্জাম এইরূপ আঙটা বা অবলম্বন যুক্ত হইবে, যাহাতে-

(অ) পাইপের সহিত সংযুক্ত সরঞ্জামের বিকৃতি না ঘটে;

(আ) পাইপলাইন হইতে উহার শাখা বাহির হওয়ার বা পাইপ লাইনের বক্রতার ফলে সৃষ্ট লম্বালম্বি (longitudinal) বলের প্রভাব প্রতিহত হয়;

(ই) স্পন্দন নিবারণ বা স্তিমিত করা যায়;

(খ) প্রত্যেক অনাবৃত পাইপ পর্যাপ্ত অবলম্বন বা আঙটা (anchor) যুক্ত হইবে যাহাতে উহার অনাবৃত সংযোগসমূহ অভ্যন্তরীণ চাপের কারণে সৃষ্ট সর্বাধিক প্রান্তিক বল এবং তাপীয় প্রসারণ বা সংকোচন অথবা ^১[হাইড্রোস্ট্যাটিক টেস্টের পানিসহ] পাইপের ওজনের ফলে সৃষ্ট অতিরিক্ত বলের প্রভাব হইতে রক্ষা পায় ^২ এবং ডমিনো এক্কেট প্রতিহতকরণ নিশ্চিত হয়;]

(গ) অনাবৃত পাইপ লাইনের প্রত্যেকটি আঙটা টেকসই ও আলাহ্য উপকরণ দ্বারা তৈরী হইতে হইবে এবং উহার ডিজাইন ও স্থাপন নিম্নরূপ হইবে, যথা :

(অ) অবলম্বন বা আঙটার মধ্যে পাইপলাইনের অবাধ প্রসারণ বা সংকোচনের সুযোগ থাকিবে;

(আ) প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ বা মেরামত কার্য পরিচালনার সুযোগ থাকিবে;

(ই) পাইপ লাইনের নড়াচড়ার ফলে যেন উহার অবলম্বন ব্যবস্থার কোন সংযোগস্থলে বিচ্যুতি না ঘটে;

(ঘ) কোন পাইপলাইন আবৃত থাকিলে এবং উহার জন্য নির্ধারিত ন্যূনতম চাপ সহন ক্ষমতার শতকরা ৫০ ভাগ অথবা ততোধিক পীড়নস্তরে গ্যাস পরিচালিত হইলে, উহার কোন অবলম্বন সরাসরি পাইপের সহিত ঝালাইকৃত হইবে না এবং অবলম্বনটিতে এইরূপ একটি সরঞ্জাম থাকিতে হইবে যাহা পাইপকে সম্পূর্ণ বেষ্টিত রাখে এবং এই বেষ্টিনকারী সরঞ্জামটি পাইপের সহিত ঝালাই করিবার প্রয়োজন হইলে, উক্ত বেষ্টিনকারী সম্পূর্ণ পরিধি জুড়িয়া ঝালাই করিতে হইবে;

১. এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

(ঙ) কোন ভূ-গর্ভস্থ পাইপলাইন তদপেক্ষা অধিক দৃঢ়বদ্ধ বস্তুর সহিত সংযুক্ত হইলে এইরূপ সংযোগের ফলে পাইপ লাইনের সম্ভাব্য নড়াচড়া বাধাপ্রাপ্ত হওয়া চলিবে না, তবে উক্ত পাইপ লাইনের অতিরিক্ত নড়াচড়া সীমিতকরণের জন্য একটি আঙটার ব্যবস্থা রাখিতে হইবে।

- (চ) নতুন শাখার সহিত সংযুক্ত হইতেছে এইরূপ প্রত্যেকটি ভূ-গর্ভস্থ পাইপ লাইন এবং উক্ত শাখা উভয়ই একটি দৃঢ় ভিত্তির উপর স্থাপিত হইবে যাহাতে উহাদের উপর আপতিত উলম্ব (vertical) ও পার্শ্ব চাপের প্রভাব প্রতিহত করা যায়।

২৪। পাইপ লাইনের পথ পরিকল্পনা।- (১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে পাইপ লাইনের পথ পরিকল্পনা এইরূপে প্রণয়ন করিতে হইবে যেন পরিকল্পিত স্থানে পাইপ লাইন স্থাপনের ফলে জান-মালের নিরাপত্তা বিঘ্নিত না হয়।

- (২) অফশোর পাইপ লাইন স্থাপনের ক্ষেত্রে পাইপ লাইনের জন্য পথ পরিকল্পনা করিবার আগে সমুদ্রতল ভালভাবে জরিপ করিয়া পাইপকে এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে পাইপ অপেক্ষাকৃত সমতল পৃষ্ঠে স্থাপিত হয়।
- (৩) পাইপ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে সমুদ্রতলের খালের মধ্যে পাইপ বুলিয়া না থাকে।
- (৪) সমুদ্রতলে অবস্থিত খালের তলদেশে স্বীকৃত নিরাপদ পদ্ধতি অবলম্বন করিয়া পাইপ স্থাপন করিতে হইবে অথবা যথাযথ সাপোর্টিংসহ স্থাপন করিতে হইবে।

২৫। অনুমোদন ব্যতীত পাইপ লাইন স্থাপন, ইত্যাদি নিষিদ্ধ।- (১) কোন ব্যক্তি প্রধান পরিদর্শকের লিখিত পূর্বানুমোদন ব্যতিরেকে ৭ কেজি/ বর্গ সেন্টিমিটার চাপসম্পন্ন পাইপ লাইন স্থাপন, উহার কোন অংশের প্রতিস্থাপন বা পরিবর্তন করিতে পারিবে না :

তবে শর্ত থাকে যে, রেলপথ অতিক্রমকারী অথবা রেলসেতু বা সড়ক সেতুর সহিত সংযুক্ত যে কোন চাপমাত্রাসম্পন্ন পাইপ লাইনের কোন অংশের প্রতিস্থাপন বা পরিবর্তনের ক্ষেত্রে প্রধান পরিদর্শকের পূর্বানুমোদন প্রয়োজন হইবে।

- (২) দুর্ঘটনার ফলে বা জরুরী পরিস্থিতিতে প্রধান পরিদর্শককে অবহিত করিয়া ১২ (বার) মিটার পর্যন্ত উচ্চ চাপসম্পন্ন পাইপ লাইন মেরামত বা প্রতিস্থাপন করা যাইবে এবং ৩ (তিন) সপ্তাহের মধ্যে ঘটনাত্তোর অনুমোদনের জন্য প্রধান পরিদর্শকের নিকট বিধি ২৬ অনুসারে দরখাস্ত করিতে হইবে।]

২৬। অনুমোদনের আবেদন।- (১) কোন পাইপলাইন নির্মাণের জন্য বিধি ২৫ অনুসারে অনুমোদন প্রয়োজন হইলে, নির্মাণ কাজ শুরু করিবার অন্তত ৩০ দিন পূর্বে উক্ত নির্মাণ কাজ সম্পর্কে অনুমোদন লাভের জন্য সংশ্লিষ্ট পরিচালক প্রধান পরিদর্শকের নিকট দরখাস্ত করিবে।

- (২) উপ-বিধি (১) এ উল্লিখিত দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজাদি সংযোজন করিতে হইবে, যথা :

(ক) পাইপ লাইনের সর্বাধিক পরিচালন চাপসহ নির্দিষ্ট স্কেলে অঙ্কিত ম্যাপ আকারের পাইপ লাইনের পথ পরিকল্পনার এবং পাইপ লাইন ও তদসংশ্লিষ্ট স্থাপনায় ব্যবহার্য সামগ্রীর বিবরণের ৩টি অনুলিপি;

(খ) প্রতি কিলোমিটার বা উহার অংশ বিশেষের জন্য পূর্বসরকার কর্তৃক, সময় সময়, গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে, নির্ধারিত ফি ১-৪২৩২-০০০০-২৬৮১ কোডে জমা দেওয়ার ডেজারী চালানের মূল কপি;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে বিধি ৪৮(১) অনুসারে সংশ্লিষ্ট পরিকল্পনার বিবরণ।

১[(৩) উপ-বিধি(১) এর অধীন দাখিলকৃত দরখাস্ত বিবেচনার সুবিধার্থে প্রধান পরিদর্শক দরখাস্তকারীর নিকট যে কোন তথ্য তলব করিতে পারিবেন এবং দরখাস্তটি অনুমোদনযোগ্য বিবেচিত হইলে প্রধান পরিদর্শক, তাঁহার বিবেচনায় যথাযথ শর্তাধীনে দরখাস্ত দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা অনুমোদন করিবেন।]

(4) বিধি ২৫ এর শর্তাংশে উল্লিখিত অনুমোদন লাভের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পরিচালক সম্ভাবিত প্রতিস্থাপন বা পরিবর্তন সংক্রান্ত যাবতীয় তথ্য সহকারে প্রধান পরিদর্শকের নিকট আবেদন করিবেন এবং উক্ত আবেদন বিবেচনাক্রমে প্রধান পরিদর্শক, তাঁহার বিবেচনায় যথাযথ শর্তাধীনে, অনুমোদন দান করিবেন।

২৭। কাজের অগ্রগতি রিপোর্ট ইত্যাদি।- (১) বিধি ২৬ এর অধীনে অনুমোদন লাভের পর সংশ্লিষ্ট পরিচালক অনুমোদিত পাইপ লাইন নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে ১৫ দিন অন্তর অন্তর প্রধান পরিদর্শকের নিকট লিখিত রিপোর্ট দাখিল করিবেন।

(২) উক্ত নির্মাণ কাজ এ এই বিধিমালার বিধানাবলী ও অনুমোদন পত্রের শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হইতেছে কি না তাহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট পরিচালক প্রধান পরিদর্শক বা তদকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত কোন ব্যক্তিকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিবেন।

২৮। নির্মিত পাইপ লাইনের গ্যাস পরিবহনের অনুমতি।- (১) বিধি ২৬ এর অধীন অনুমোদিত পাইপ লাইনের নির্মাণ কাজ সমাপ্ত হইবার পর উহার পরিচালক, প্রধান পরিদর্শকের লিখিত অনুমতি ব্যতীত, উক্ত পাইপ লাইনে গ্যাস পরিবহন শুরু করিতে পারিবেন না।

(২) পরিচালক উপ-বিধি (১) এ উল্লিখিত অনুমতি লাভের উদ্দেশ্যে প্রধান পরিদর্শকের নিকট নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিবেন, যথা :

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

(ক) স্বীকৃত যোগ্যতা সম্পন্ন একজন প্রকৌশলী প্রদত্ত একটি প্রত্যয়ন পত্র, যাহাতে উল্লেখ থাকিতে হইবে যে, এই বিধিমালার বিধানাবলী এবং অনুমোদন পত্রের শর্ত অনুসারে পাইপ লাইনটি নির্মিত হইয়াছে;

(খ) একটি প্রতিবেদন, যাহাতে নির্মিত পাইপ লাইনটি সম্পর্কে গৃহীত প্রাসংগিক সকল পরীক্ষার ফলাফল উল্লিখিত থাকিবে।

২৯। পাইপ লাইনের নির্মাণ কাজ।- (১) পাইপ লাইনের নির্মাণ কাজ ঠিকাদার দ্বারা করানো হইলে সংশ্লিষ্ট চুক্তিতে এইরূপ শর্ত থাকিতে হইবে যে, উক্ত নির্মাণ কাজ এই বিধিমালা অনুসারে সম্পন্ন হইবে এবং এতদুদ্দেশ্যে পাইপ লাইনের পরিচালক এই ঠিকাদারের সংশ্লিষ্ট কর্মচারীগণ যাহাতে তাদের স্ব স্ব কাজের সহিত সংশ্লিষ্ট এবং বিধিমালার বিধানাবলী সম্পর্কে ওয়াকেবহাল তাকেন সেই ব্যাপারে পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(২) পাইপ লাইন নির্মাণ ও স্থাপনকালে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ ব্যক্তিগণ দ্বারা উক্ত নির্মাণ ও স্থাপন কার্য ঘন ঘন পরিদর্শন করানোর জন্য সংশ্লিষ্ট পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (৩) এ উল্লিখিত পরিদর্শনকারী-

(ক) পাইপে প্রবেশ শুরু করার পূর্বে উহার উপরিভাগে কোন দৃশ্যমান ত্রুটি আছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিবেন;

- (খ) পাইপটি গর্তে নামানোর সময় প্রলেপযুক্ত পাইপটির উপরিতল পরীক্ষা করিয়া দেখিবেন যে, পাইপে উহার ক্ষতিকর কোন প্রলেপন ক্ষত আছে কি না;
- (গ) ঝালাই করিবার পূর্বে পাইপের সংযোগকারী উপকরণ ও সংযোগস্থল পরীক্ষা করিয়া দেখিবেন এবং কৃত ঝালাইগুলি প্রলেপন দ্বারা আচ্ছাদনের পূর্বে পুনরায় পরীক্ষা করিবেন;
- (ঘ) পাইপ গর্তে নামানোর পূর্বে গর্তের তলা সমতল আছে কিনা এবং উহাতে পাইপের জন্য ক্ষতিকারক কোন বস্তু আছে কি না তাহা নিরীক্ষণ করিবেন;
- (ঙ) মাটি দ্বারা গর্তটি ভর্তির পূর্বে দেখিয়া লইবেন যে পাইপটি গর্তে ঠিকমত বসানো হইয়াছে কি না;
- (চ) পাইপ লাইনে কোন মেরামত বা উহার কোন উপকরণের পরিবর্তে তদস্থলে নূতন উপকরণ লাগানো বা অন্য কোন পরিবর্তনের আদেশ দেওয়া হইলে, তাহা সম্পন্ন হওয়ার পর পাইপলাইনের সংশ্লিষ্ট স্থানটি প্রলেপযুক্ত বা অন্য কোনভাবে আচ্ছাদিত করার পূর্বে পরীক্ষা করিয়া দেখিবেন;
- (ছ) পাইপ লাইনে কৃত ঝালাই এবং প্রলেপের প্রতিরোধ ক্ষমতা পরীক্ষণসহ অন্যান্য প্রয়োজনীয় পরীক্ষণ কার্য সম্পন্ন হইয়াছে কি না তাহা সম্পর্কে নিশ্চিত হইবেন;
- (জ) প্লাস্টিক পাইপে কোন কাটা দাগ, আঁচড় বা অন্যবিধ ত্রুটি আছে কি না তাহা উক্ত পাইপ স্থাপনের পূর্বেই পরীক্ষা করিবেন; এবং উহাতে যদি কোন ক্ষতিকর ত্রুটি ধরা পড়ে তবে সংশ্লিষ্ট পাইপ বাতিল করিবেন;
- (ঝ) সতর্কতার সহিত লক্ষ্য রাখিবেন যে, দ্রবণীয় সিমেন্টের দ্বারা প্লাস্টিক পাইপে সংযোগ লাগাইবার ক্ষেত্রে, দক্ষ কারিগর এবং যথাযথ যন্ত্রপাতি ও উপকরণ ব্যবহার করা হইতেছে কি না; এবং উক্ত সংযোগে কোন ত্রুটি রহিয়াছে বলিয়া মনে করিলে তাহা বাতিল করিয়া দিবেন ;
- ১[(ঞ) সমুদ্রতলে পাইপ স্থাপনের ক্ষেত্রে অ্যাক্সরিং, পরিখা খনন বা অন্য কোন স্বীকৃত ব্যবস্থার মাধ্যমে স্থাপন করিতে হইবে;
- (ট) অফশোর পাইপ লাইনে কনক্রিট প্রলেপনে ব্যবহৃত সিমেন্ট সমুদ্রে ব্যবহার উপযোগী হইতে হইবে।

- (৪) পাইপ লাইন নির্মাণের পূর্বে পাইপ লাইনের নির্মাণ কাজের বিস্তারিত স্পেসিফিকেশন (Work Specifications) এবং যে সমস্ত কোড পাইপ লাইন নির্মাণে অনুসৃত হইবে তাহা সুনির্দিষ্টভাবে উল্লেখসহ বিস্তারিত কার্যপত্র প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে।

৩০। প্লাস্টিক পাইপ স্থাপন।- (১) প্লাস্টিক পাইপ মাটির উপরে স্থাপন করা যাইবে না।

- (২) কোন ভল্ট বা বেটনীবদ্ধ কোন স্থানে প্লাস্টিক পাইপ ব্যবহার করা যাইবে না, যদি না প্লাস্টিক পাইপটি ক্ষয় প্রতিরোধক্ষম এবং গ্যাসরোধী ধাতব পাইপ ও ধাতব ফিটিংস দ্বারা তৈরী খাঁচায় আবদ্ধ রাখা হয়।
- (৩) প্লাস্টিক পাইপ এইরূপে স্থাপন করিতে হইবে যাহাতে উহার গর্ত ভরাটকরণ, তাপীয় সংকোচন অথবা বাহ্যিক ভরের কারণে উক্ত পাইপ প্রসারিত হইবার সম্ভাবনা নূনতম পর্যায়ে থাকে।

(৪) উপ-বিধি (১) এর বিধান সত্ত্বেও, কোন প্লাস্টিক নির্মিত সার্ভিস লাইনের শেষ প্রান্ত মাটির উপরিভাগে স্থাপিত হইতে পারে, যদি-

- (ক) উক্ত প্রান্ত ক্ষয় পরিরোধক্ষম শক্ত ধাতব টিউব বা ধাতব পাইপের দ্বারা সম্পূর্ণরূপে আবদ্ধ হয় এবং উক্ত টিউব বা পাইপ মাটির নীচে কমপক্ষে ১৫ সেন্টিমিটার পর্যন্ত প্রোথিত থাকে;
- (খ) উক্ত লাইন গ্রাহক মিটার বা সংযোগকারী কোন পাইপ হইতে সৃষ্ট বহির্চাপের শিকার না হয়; এবং
- (গ) উক্ত প্রান্ত কোন ভবনের ভিতরে না থাকে।

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

৩১। নিরাপদ দূরত্ব।- প্রতি বর্গ সেন্টিমিটারে ১০.৫ কেজি বা ১৫০ পি, এস, আই, জি বা ততোধিক চাপবিশিষ্ট সকল উচ্চ চাপসম্পন্ন পাইপ লাইনের প্রত্যেক পার্শ্বের গাত্র হইতে সংরক্ষণীয় পূর্তকর্মের মধ্যে নিম্নের টেবিলে উল্লিখিত নিরাপদ দূরত্ব বজায় রাখিতে হইবে এবং উক্ত দূরত্ব লঙ্ঘন করিয়া কোন ব্যক্তি কোন সংরক্ষণীয় পূর্তকর্ম স্থাপন করিতে পারিবেন না।

টেবিল

পাইপের সাইজ	১৫০ পিএসআই চাপ হইতে ৩৫০ পিএসআই চাপ পর্যন্ত	৩৫০ পিএসআই চাপের উর্ধ্বে
১	২	৩
অনধিক ২০" ব্যাস	২ মিটার	২.৫ মিটার
২০" ব্যাসের উর্ধ্বে	৩ মিটার	৩.৫ মিটার

৩২। **নিরাপদ দূরত্ব লঙ্ঘন।-** পরিচালক ব্যতীত অন্য কোন ব্যক্তি নিরাপদ দূরত্ব লঙ্ঘন করিয়া কোন সংরক্ষণীয় পূর্তকর্ম স্থাপন করিলে অথবা পাইপের ক্ষতিসাধন হইতে পারে এমন কোন সংরক্ষণীয় পূর্তকর্ম স্থাপন করিলে অথবা পাইপের ক্ষতিসাধন হইতে পারে এমন কোন খনন কার্য করিলে অথবা অন্যবিধভাবে পাইপ লাইন বা তদসংশ্লিষ্ট ব্যবস্থাদির ক্ষতি হইতে পারে এমন কোন কার্য করিলে পরিচালক উক্ত ক্ষতিকারক কার্যের বিষয়ে অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি প্রধান পরিদর্শককে অবহিত করিবেন এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে Petroleum Act, 1934 (XXX of 1934) এর section 23 বিধান মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৩৩। **প্রোথিত পাইপের আবরণ-অবস্থান।-** (১) কোন পাইপ লাইন ভূগর্ভে স্থাপনের ক্ষেত্রে উহা যে স্থানে স্থাপন করা হইবে সেই স্থানের উপরিতল হইতে নিম্নবর্ণিত টেবিলে বর্ণিত গভীরতায় প্রোথিত থাকিবে, যথা :

সর্বাধিক অনুমোদনযোগ্য পরিচালন চাপ (কেজি/সেমি^২)

পাইপের বহির্দৈর্ঘ্যের ব্যাস (সে: মি:)

২৫ এবং	অনূর্ধ্ব	৭	১০	১৬
--------	----------	---	----	----

তদূর্ধ্ব	৭	হইতে	হইতে	হইতে
		৯	১৫	
২৪				
উপরিভল হইতে ন্যূনতম গভীরতা (সে: মি:)				
অনূর্ধ্ব ২০ ১১০	২০	২৫	১০০	১০৫
২১-৪০ ১১২	২১	২৬	১০১	১০৬
৪১-৬০ ১১৫	২২	২৭	১০২	১০৭
৬১-৮০ ১২০	২৩	২৮	১০৩	১০৮
৮১ এবং তদূর্ধ্ব ১২৫	২৪	২৯	১০৪	১০৯

(২) প্রধান পরিদর্শক পরিচালকের অনুরোধের পরিপ্রেক্ষিতে উপ-বিধি (১) এ নির্ধারিত ন্যূনতম গভীরতা, পরিচালক কর্তৃক বিধি ৩৯ (১) অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে, হ্রাসের অনুমোদন দিতে পারেন।

৩৪। **পথাধিকার।-** পরিচালকের নিজস্ব জমি ব্যতীত অন্য কোন ব্যক্তির জমিতে কোন পাইপ লাইন স্থাপনের পরিকল্পনা থাকিলে উক্ত পরিচালক পাইপ লাইন গমন পথের জন্য এবং নিরাপদ দূরত্ব বজায় রাখিবার প্রয়োজন হইলে উক্ত দূরত্ব বজায় রাখিবার জন্য সংশ্লিষ্ট জমির উপর প্রয়োজনীয় অধিকার অর্জন করিবেন যাহা পথাধিকার (right of way) নামে অভিহিত হইবে।

৩৫। **পাইপ লাইনের অবস্থান নির্দেশক চিহ্ন।-** (১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, উচ্চ চাপ সম্পন্ন পাইপ লাইনের গমন পথের উভয় পার্শ্বে উহার অবস্থান নির্দেশক [লাল রং বিশিষ্ট] চিহ্ন স্থাপন করিতে হইবে এবং পাইপ লাইনের এক পার্শ্বে স্থাপিত এইরূপ দুইটি চিহ্নের দূরত্ব হইবে অনধিক ৫০০ মিটার ও ঘনবসতিপূর্ণ এলাকায় ২০০ মিটার বা একটি চিহ্ন হইতে অপর চিহ্ন এমন দূরত্বে স্থাপন করিতে হইবে যাহাতে উহা সহজে দৃশ্যমান হয়] :

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক, পাইপ লাইনের বক্রতার ক্ষেত্রে বা যথাযথ মনে করিলে অন্য কোন পরিস্থিতিতে উক্ত দূরত্ব কমাইয়া দেওয়ার নির্দেশ দিতে পারেন।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

^২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

^৩ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

(২) যে কোন সড়ক, নদী, খাল বা রেলপথ অতিক্রমকারী পাইপ লাইন, উহার পরিচালন চাপ যাহাই হউক না কেন, এর উভয় পাশে অতিক্রম স্থলের সল্লিকটে উক্ত পাইপলাইনের অবস্থান নির্দেশক চিহ্ন স্থাপন করিতে হইবে।

১[(৩) সমুদ্র উপকূলে মৎস্য আহরণকারী জাহাজ বা ব্যক্তিবর্গ, বাণিজ্যিক জাহাজের নোঙর, সমুদ্রে জরীপ কাজে নিয়োজিত জাহাজ এবং তেল-গ্যাস উত্তোলনকারী জাহাজের কার্যক্রমের মাধ্যমে যাহাতে পাইপ লাইন ক্ষতিগ্রস্ত না হয় সেইলক্ষ্যে বয়া বা অন্যবিধ ব্যবস্থা দ্বারা পাইপের অবস্থান নির্দেশক উপযুক্ত চিহ্ন সমুদ্রে পাইপের গমন পথে স্থাপন করিতে হইবে।]

৩৬। ভূগর্ভস্থ খালি জায়গা।- (১) যদি ভূ-গর্ভে কোন পাইপ লাইন প্রাথিত থাকে এবং ভূ-গর্ভে উহার আশে পাশে যদি এমন কোন কাঠামো থাকে যাহা উক্ত লাইনের সহিত কোনভাবেই সম্পর্কযুক্ত নহে, তাহা হইলে উভয়ের মধ্যবর্তী স্থান ফাঁকা হইবে এবং কাঠামোটি সঞ্চালন লাইন হইতে কমপক্ষে ২০ সেন্টিমিটার, বিতরণ লাইন হইতে কমপক্ষে ১৫ সেন্টিমিটার এবং সার্ভিস লাইন হইতে কমপক্ষে ১০ সেন্টিমিটার দূরত্বে থাকিতে হইবে। কোন ক্ষেত্রে যুক্ত দূরত্ব বজায় রাখা সম্ভব না হইলে পাইপ লাইনটিকে উক্ত কাঠামোর প্রভাবমুক্ত রাখিবার জন্য খাঁচা, সেতু বা অপরিবাহী বস্তু দ্বারা পৃথক রাখিতে বা অন্যবিধ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১[(২) ভূ-গর্ভে আড়াআড়িভাবে স্থাপিত দুইটি উচ্চ চাপসম্পন্ন পাইপ লাইনের মধ্যে ন্যূনতম ০.৫ মিটার দূরত্ব বজায় রাখিতে হইবে যাহাতে প্রয়োজনীয় পরিবর্তন, প্রতিস্থাপন বা রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করিবার জন্য পর্যাপ্ত জায়গা পাওয়া যায় এবং ভবিষ্যতে স্থাপিতব্য পাইপ পূর্বের স্থাপিত পাইপের নীচে স্থাপন করিতে হইবে।

(৩) ভূ-গর্ভস্থ দুইটি সমান্তরাল উচ্চ চাপসম্পন্ন সঞ্চালন লাইনের মধ্যে ন্যূনতম ১.৫ মিটার দূরত্ব বজায় রাখিতে হইবে তবে গ্যাদারিং পাইপের জন্য এই দূরত্ব প্রযোজ্য হইবে না।

(৪) সঞ্চালন ও বিতরণ লাইনসমূহ ভূ-গর্ভস্থ উচ্চ চাপসম্পন্ন বৈদ্যুতিক তার হইতে যথাক্রমে ন্যূনতম ১ মিটার ও ০.৫ মিটার দূরত্বে স্থাপন করিতে হইবে।

(৫) ওভারহেড হাইটেনশন বৈদ্যুতিক তারের নিকট সঞ্চালন বা বিতরণ পাইপ লাইন নির্মাণের ক্ষেত্রে হাইভোল্টেজ বিদ্যুৎ প্রবাহ জনিত আবেশের কারণে পাইপ লাইনের ক্যাথোডিক পদ্ধতি ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা আছে কি না তাহা যথাযথভাবে পরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকিলে তদনুযায়ী উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৬) সূয়ারেজ লাইন বা ডেনের মধ্য দিয়া পাইপ লাইন নির্মাণ সর্বক্ষেত্রে পরিহার করিতে হইবে, তবে বিশেষ ক্ষেত্রে, প্রয়োজন হইলে, আড়াআড়িভাবে অতিক্রম বিবেচনা করা যাইতে পারে এবং এই ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক এইরূপে ইম্পাতের তৈরী খাঁচা নির্মাণ করিতে হইবে যেন জরুরী মেরামত বা রক্ষণাবেক্ষণের প্রয়োজনে গমন পথ ভেন্টিলেশনসহ সুগম থাকে।

(৭) সঞ্চালন এবং বিতরণ লাইনসমূহের সর্বোচ্চ গভীরতা ভূ-পৃষ্ঠ হইতে সাধারণভাবে সর্বোচ্চ ২ মিটার হইবে, তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে যেমন- নদীর তলদেশ, সড়কপথ, রেলপথ ইত্যাদি অতিক্রমকালে এই বিধান প্রযোজ্য হইবে না।]

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে পরিবর্তিত।

৩৭। প্রাকৃতিক দুর্যোগ হইতে রক্ষাব্যবস্থা।- কোন পাইপলাইন যদি এমন স্থানে স্থাপন করা হয় যে, উহা বন্যা, ভূমি ধ্বস, অদৃঢ় মৃত্তিকার স্ফলন বা অন্যবিধ প্রাকৃতিক দুর্যোগের শিকার হইতে পারে, তাহা হইলে পরিস্থিতি অনুসারে নিম্নরূপ রক্ষামূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উক্ত পাইপ লাইনের নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে, যথা :

- (ক) পাইপ লাইনের পাত্রের গুরুত্ব বর্ধন;
- (খ) পাইপ লাইনের রক্ষক দেয়াল নির্মাণ;
- (গ) আঙুটা লাগানো;
- (ঘ) মাটির ক্ষয়রোধ।

৩৮। পাইপ লাইনের অবলম্বন।- ভূগর্ভে পাইপ লাইন স্থাপন করা হইলে সংশ্লিষ্ট পরিখার তলা এইরূপ হইবে যেন পাইপ লাইনের সকল অংশ একই সমতলে অবস্থান করিতে পারে এবং উহা নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে ভাররক্ষক অবলম্বনের ব্যবস্থা করিতে হইবে।

৩৯। পাইপলাইনের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা।- (১) কোন পাইপলাইন স্থাপনে বিধি ৩১ বা ৩৩ এর বিধান পালন করা সম্ভব না হইলে বা কোন পাইপলাইনের উপর বর্ষিস্ চাপ আপতিত হওয়ার সম্ভাবনা থাকিলে, প্রধান পরিদর্শকের অনুমোদনক্রমে এবং পরিস্থিতির প্রয়োজন মোতাবেক, নিম্নরূপ এক বা একাধিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উক্ত পাইপলাইনের নিরাপত্তা বিধান করিতে হইবে, যথা :

- (ক) পাইপলাইনের গাত্রের পুরুত্ব বর্ধন;
- (খ) পাইপলাইনের ইম্পাতের তৈরী খাঁচা লাগানো;
- (গ) অনধিক ২৪ কেজি/সেমি^২ চাপ সম্পন্ন পাইপলাইনের ক্ষেত্রে, বৃটিশ কোর্ড অনুসারে বিকল্প নিরাপত্তা ব্যবস্থা।

- (২) পাইপলাইনের কোন অংশ অনাবৃত থাকিলে, যান চলাচল বা অন্যবিধ ক্ষতিকর কার্যকলাপ হইতে উহাকে রক্ষার উদ্দেশ্যে উক্ত অংশ রক্ষামূলক বেষ্টনী দ্বারা আবদ্ধ করিতে হইবে।
- (৩) উচ্চ চাপসম্পন্ন ভূ-গর্ভস্থ পাইপলাইনের কোন অংশ কোন সড়ক অতিক্রম করিলে উক্ত অংশ ইম্পাতের তৈরী খাঁচা দ্বারা আবদ্ধ রাখিতে হইবে।
- (৪) পরিচালন চাপ যাহাই হউক না কেন, ভূ-গর্ভস্থ পাইপলাইনের কোন অংশ রেলপথ অতিক্রম করিলে, উক্ত অংশ ইম্পাতের তৈরী খাঁচা দ্বারা বেষ্টিত রাখিতে হইবে।
- (৫) উপ-বিধি (৩) ও (৪) এ উল্লিখিত খাঁচার শীর্ষদেশ হইতে উহার উপরস্থ ভূমির উপরিতলের দূরত্ব হইবে অন্ত্যন ১.৫ মিটার।

৪০। পাইপ লাইনের নিরাপত্তা ব্যবস্থা বিনষ্টকারী কার্যক্রম নিষিদ্ধ।- কোন ব্যক্তি বিধি ৩১, ৩৩, ৩৬, ৩৭, ৩৮, ৩৯ এবং ৬০ এ উল্লিখিত নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত করিয়া কোন কাজ করিতে পারিবে না :

তবে শর্ত থাকে যে, কোন জন-উপযোগিতামূলক সংস্থা (যেমন- ওয়াসা, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ডেসা, ডেসকো, টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড, ইত্যাদি) উহার সেবা প্রদানের স্বার্থে, পরিচালককে অন্ত্যন ৭ (সাত) দিনের অগ্রিম নোটিশ প্রদান করিয়া, নিজ দায়িত্বে পাইপ লাইন এলাকার নিরাপত্তা ব্যবস্থা অক্ষুণ্ণ রাখিয়া প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করিতে পারিবে:

তবে আরও শর্ত থাকে যে, উক্ত এলাকায় সেবা প্রদানকালীন সময়ে কোন দুর্ঘটনা সংঘটিত হইলে তাহার যাবতীয় ক্ষয়-ক্ষতির দায়দায়িত্ব সেবা প্রদানকারী সংস্থার উপর বর্তাইবে।]

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে পরিবর্তিত।

৪১। ইম্পাত-খাঁচার ডিজাইন ও নির্মাণ।- (১) পাইপলাইনের জন্য ব্যবহার্য ইম্পাত খাঁচার ডিজাইন এমন হইবে যেন উক্ত খাঁচা পাইপলাইনের উপর আপতিত বহিস্থ চাপ সহ্য করিতে সক্ষম হয়।

- (২) কোন পাইপলাইন রেললাইন অতিক্রম করিলে উক্ত পাইপলাইনের জন্য ইম্পাতের খাঁচা ব্যবহৃত হইলে উক্ত খাঁচা-
- (ক) নিম্নচাপ সম্পন্ন পাইপলাইনের ক্ষেত্রে, রেল-বাঁধের পাদদেশ হইতে অনূন ১ মিটার এবং রেললাইনের ক্ষেত্রে, দফা (ক) তে উল্লিখিত পাদদেশ ও বহিস্ব বিন্দু হইতে যথাক্রমে ২ মিটার এবং ১০ মিটার পর্যন্ত বিস্তৃত থাকিবে।
- (৩) উক্ত খাঁচা উহার সম্পূর্ণ দৈর্ঘ্যব্যাপী সমতল বিশিষ্ট হইবে, তবে উহার এক প্রান্ত ঢালু হইবে।
- (৪) উক্ত খাঁচার উভয় প্রান্ত বন্ধ অবস্থায় থাকিবে এবং খাঁচার অভ্যন্তরস্থ বায়ু নিষ্কাশনের নির্মিত উহাতে একটি বায়ু নিষ্কাশক নল (Vent Pipe) লাগাইতে হইবে যাহার শীর্ষভাগ মাটির উপরিতল হইতে অন্ততঃ ৫০ সেন্টিমিটার উচ্চতায় থাকে। এইরূপ বায়ু নিষ্কাশক নলের অন্তস্থ ব্যাস অনূন ৫ সেন্টিমিটার এবং উহার উপর দিকে প্রান্তভাগ হইবে নিম্নমুখী এওং উক্ত প্রান্তে একটি বিস্ফোরণ নিরোধক তারজালী লাগাইতে হইবে।
- (৫) উক্ত খাঁচার অন্তস্থ ব্যাস উহাতে রক্ষিত পাইপলাইনের বহিস্ব ব্যাস অপেক্ষা অন্তত ৫ সেন্টিমিটার বেশী হইবে।

৪২। সড়ক সেতুর সহিত পাইপলাইন সংযোজন।- কোন সড়ক সেতুর সহিত পাইপলাইন সংযোজনের পরিকল্পনা থাকিলে, বিধি ২৬ এর অধীনে অনুমোদন লাভের দরখাস্তের সহিত উক্ত পরিকল্পনার বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে এবং এই বিষয়ে অনুমোদন লাভের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পরিচালক [সংশ্লিষ্ট কর্তৃপক্ষের] নিকট হইতে এই মর্মে একটি ছাড়পত্র সংগ্রহ করিবেন যে, উক্তরূপ সংযোজনে উক্ত দপ্তরের কোন আপত্তি নাই।

৪৩। পাইপলাইনে ঝালাই।- (১) পাইপলাইনের ঝালাই কার্য স্বীকৃত পদ্ধতিতে প্রশিক্ষণপ্রাপ্ত বা অভিজ্ঞ কারিগর দ্বারা সম্পন্ন করাইতে হইবে।

- (২) কোন ঝালাইকারীর দক্ষতা বা তিনি বিগত ছয় মাসে কোন ঝালাইকার্যে নিয়োজিত ছিলেন কিনা সেই সম্পর্কে কোন সন্দেহ থাকিলে তৎকর্তৃক সম্পাদিতব্য ঝালাইকার্য বা ঝালাই পদ্ধতির উপর তাহার পরীক্ষা গ্রহণ করা হইবে এবং সংশ্লিষ্ট নির্মাতা এইরূপ পরীক্ষার তারিখ ও ফলাফলের একটি রেকর্ড সংরক্ষণ করিবেন।
- (৩) যে কোন সময়ের আবহাওয়ার প্রভাবে ঝালাইকার্যের গুণগত মান যাহাতে অক্ষুণ্ণ থাকে সে দিকে লক্ষ্য রাখিয়া ঝালাইকার্য সম্পন্ন করিতে হইবে।
- (৪) ঝালাইকার্য যথাযথ পদ্ধতিতে সম্পন্ন হইতেছে কিনা তাহা চাক্ষুষ পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করিতে হইবে এবং আমেরিকান পেট্রোরিয়াম ইন্সটিটিউটের স্ট্যান্ডার্ড নং ১১০৪ অনুসারে উক্তরূপ পরিদর্শনের মাধ্যমে বা ঝালাই-অবিনাশী পরীক্ষণের (non destructive testing) মাধ্যমে ঝালাইকার্যের সঠিকত যাচাই করা যাইবে।
- (৫) ঝালাই-অবিনাশী পদ্ধতিতে ঝালাইয়ের সঠিকতা পরীক্ষার কাজ রেডিওগ্রাফিক পদ্ধতিতে বা আমেরিকান বা বৃটিশ কোডে উল্লিখিত কোন পদ্ধতিতে সম্পন্ন করা যাইবে।
- (৬) ঝালাই-অবিনাশী পরীক্ষার সংখ্যা হইবে,-

(ক) উচ্চচাপ সম্পন্ন সরল রৈখিক পাইপলাইনের ক্ষেত্রে, উহাতে কৃত ঝালাই সংখ্যার অনূন ১০% ;
এবং

১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখঃ ১/৭/০৩ এর মাধ্যমে
পরিবর্তিত।

- (খ) জলপথ, রেলপথ বা সড়ক অতিক্রমকারী কোন পাইপলাইন বা পাইপলাইনের বক্র অংশ বা কম্প্রেসর স্টেশনের ১/২ বা চাপ নিয়ন্ত্রণ কেন্দ্রের] পাইপলাইনের ক্ষেত্রে, চাপমাত্রা নির্বিশেষে, উক্ত পাইপ লাইনে বা অংশে কৃত ঝালাই সংখ্যার ১০০%;
- (গ) যে সকল ঝালাইকার্যের চাপ-সহন-ক্ষমতা চতুর্থ অধ্যায় এর অধীনে পরীক্ষিত না হয় সেই সকল ঝালাইকার্যের ১০০%।

(৭) ত্রুটিপূর্ণ ঝালাইস্বলঅপসারণ বা সম্ভব হইলে মেরামত করিতে হইবে, এইরূপ মেরামতের ক্ষেত্রে আমেরিকান পেট্রোলিয়াম ইন্সটিটিউটের স্ট্যান্ডার্ড নং ১১০৪ অনুসরণ করিতে হইবে।

(৮) ইস্পাত পাইপ বা উহার কোন অংশ তৈরীর সময় প্রয়োজনীয় ঝালাইকার্যের ক্ষেত্রে এই বিধির বিধানাবলী প্রযোজ্য হইবে না।

৪৪। ঝালাই ব্যতীত অন্যান্য পদ্ধতিতে সংযোগ।- ঝালাইকার্য ব্যতীত অন্য কোন পদ্ধতিতে পাইপ লাইন বা তৎসংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন উপকরণ সংযোগের ক্ষেত্রে বৃটিশ কোড বা আমেরিকান কোডে বিধৃত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৪৫। নির্মাণ সংক্রান্ত রেকর্ড।- পাইপলাইনে যেভাবে বসানো হইয়াছে উহার একটি পূর্ণাঙ্গ রেকর্ড সংশ্লিষ্ট পরিচালক প্রস্তুত ও সংরক্ষণ করিবেন এবং উহাতে নিম্নবর্ণিত বিষয়াদির বিবরণ লিপিবদ্ধ থাকিবে, যথা :

(ক) পাইপের গ্রেড;

(খ) পাইপ এবং প্রযোজ্য ক্ষেত্রে, উহার খাঁচার গাত্রের পুরুত্ব;

(গ) ব্যবহৃত রক্ষক উপকরণসমূহ;

(ঘ) ভূ-গর্ভে স্থাপিত পাইপলাইনের ক্ষেত্রে, যে গভীরতায় উহা স্থাপিত হইয়াছে;

- (ঙ) ক্যাথোড পদ্ধতির রক্ষা ব্যবস্থার বিবরণ;
- (চ) ভূ-গর্ভস্থ পাইপলাইনের ক্ষেত্রে, ভূ-গর্ভে অবস্থিত নিকটবর্তী অন্যান্য কাঠামোর বিবরণ; এবং
- (ছ) অন্যান্য তথ্যাদি যাহা মাটির উপরিভাগ হইতে পরিদর্শন করিয়া জানা সম্ভব নহে।

তৃতীয় পরিচ্ছেদ

রেল কর্তৃপক্ষের ভূমিতে পাইপলাইন স্থাপন ইত্যাদি

৪৬। রেলপথ অতিক্রম।- (১) কোন পাইপলাইন স্থাপনে কোন রেলপথ অতিক্রমনের পরিকল্পনা থাকিলে, পাইপলাইনের পরিচালক রেল কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলীর নিকট হইতে এই মর্মে একটি ছাড়পত্র সংগ্রহ করিবেন যে, উক্ত অতিক্রমনে রেল কর্তৃপক্ষের কোন আপত্তি নাই।

(২) কোন রেলপথ অতিক্রমনের ক্ষেত্রে, অতিক্রমনকারী পাইপলাইনটি বিধি ৩৯ এর শর্ত পূরণ করিবে এবং এইরূপে স্থাপন করিতে হইবে যেন উহা যথাসম্ভব সমকোনে (৯০°) রেললাইনটি অতিক্রম করে।

৪৭। বিশেষ সতর্কতা।- (১) পারিপাশ্বিকতার দিকে লক্ষ্য রাখিয়া রেলপথ অতিক্রমন স্থানের উভয় পার্শ্বে জরুরী শার্ট-অফ-ভালভ স্থাপন করিতে হইবে এবং পরিচালক ও রেল কর্তৃপক্ষ, পরস্পর সম্মতিক্রমে, রেলপথ হইতে উক্ত ভালভের দূরত্ব নির্ধারণ করিবে।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ : ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

(২) যে সকল পাইপলাইন রেল কর্তৃপক্ষের জমিতে অথবা উক্ত কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন কোন সংরক্ষণীয় পূর্তকর্ম হইতে নিরাপদ দূরত্বের মধ্যে অবস্থিত সেই সকল পাইপলাইন প্রতি সপ্তাহে কমপক্ষে একবার এবং যে পাইপলাইন রেলসেতু অতিক্রম করে বা রেলসেতুর সহিত সংযুক্ত উহা ২৪ ঘন্টায় কমপক্ষে একবার, চৌকীর (Patrol) ব্যবস্থা পরিচালক কর্তৃক গৃহীত হইবে।

(৩) কোন পাইপলাইনে রেলপথ হইতে ১৫ মিটারের মধ্যে কোন ছিদ্র দিয়া গ্যাস নির্গমন দেখা গেলে, বিধি ৭৪ পর উপ-বিধি (৬) এর বিধান পালন করা ছাড়াও, সংশ্লিষ্ট পরিচালক উক্ত নির্গমন সংক্রান্ত সংবাদ এবং রেলপথের দূরত্ব নির্দেশক ফলকের উল্লেখক্রমে উক্ত ছিদ্রের

অবস্থানগত বিবরণাদি সম্ভাব্য দ্রুততম পন্থায় নিকটতম রেলস্টেশনে জানাইয়া দিবেন, এবং উক্ত পরিচালক ও রেল কর্তৃপক্ষের সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ছিদ্র হইতে ১৫ মিটার দূরত্বের মধ্যে যাহাতে ধূমায়ন ও রন্ধনসহ আগুনের ব্যবহারজনিত বা অগ্নি স্ফুলিংগ সৃষ্টি হয় এমন যে কোন কাজ বন্ধ থাকে তাহা নিশ্চিত করিবেন।

(৪) উক্ত ছিদ্র সম্পর্কে অবহিত হওয়ার পর সংশ্লিষ্ট স্টেশন মাষ্টার অবিলম্বে-

(ক) ছিদ্রের অবস্থানের অপরদিকে অবস্থিত রেল স্টেশনে উক্ত সংবাদ জানাইয়া দিবেন এবং উক্ত ছিদ্রের পার্শ্ববর্তী এলাকার রেলপথে চলাচলকারী সকল যানের চলাচল স্থগিত রাখিবেন, যতক্ষণ না তিনি পাইপলাইনের পরিচালকের নিকট হইতে এই মর্মে ছাড়পত্র প্রাপ্ত হন যে, রেলগাড়ী চলাচলের ক্ষেত্রে কোন বিপদের সম্ভাবনা নাই;

(খ) উক্ত ছিদ্র সম্পর্কিত সংবাদ সম্ভাব্য দ্রুততম পন্থায় নিম্নবর্ণিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন, যথা:-

(অ) রেল কর্তৃপক্ষের সংশ্লিষ্ট মহা ব্যবস্থাপক;

(আ) গভর্নমেন্ট ইন্সপেকটর অব বাংলাদেশ রেলওয়ে;

(ই) যে সকল কর্তৃপক্ষের নিকটস্থ class দুর্ঘটনা (General and Subsidiary Rules for Railways এর সংজ্ঞানুযায়ী) এই সংবাদ প্রেরণ করিতে হয় সেই সকল কর্তৃপক্ষ; এবং

(ঈ) প্রধান পরিদর্শক।

(৫) রেলপথের যে স্থান দিয়া কোন পাইপলাইন উক্ত রেলপথ অতিক্রম করে সেই স্থানের উভয় দিকে এক কিলোমিটার দূরে এবং সংশ্লিষ্ট রেলপথের উভয় পার্শ্বে উক্ত পাইপের অবস্থান নির্দেশক একটি করিয়া বোর্ড স্থায়ীভাবে স্থাপন করিতে হইবে, এইরূপ বোর্ডের মাপ হইবে ৭৫ সেমি × ৭৫ সেমি এবং উহাতে সাদা পটভূমির উপর একটি আনুভূমিক সুস্পষ্ট ও চওড়া কাল রেখা থাকিবে। বোর্ডগুলি সংশ্লিষ্ট রেলপথের মধ্যবিন্দু হইতে তিন মিটার দূরত্বে স্থাপন করিতে হইবে এবং উহাদের নিম্ন প্রান্তসমূহ রেলের উপরিতল হইতে ২৫ সেন্টিমিটার উর্দ্ধে থাকিবে।

(৬) উপ-বিধি (৪) এর অধীনে গ্যাস নির্গমনের সংবাদ অবহিত হওয়ার সংগে সংগে সংশ্লিষ্ট স্টেশন মাষ্টার সংশ্লিষ্ট পাইপলাইনের অবস্থান নির্দেশক বোর্ডের নিকট একটি বিপদ সংকেত প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

(৭) উপ-বিধি (৫) এর বিধান মোতাবেক স্থাপিত নির্দেশক বোর্ড অতিক্রম করিবার সময় রেলগাড়ী চালক লক্ষ্য রাখিবেন যে কোন বিপদ সংকেত আছে কিনা এবং কোন বিপদ সংকেত দেখানো হইলে তিনি রেল গাড়ী থামাইয়া দিবেন।

৪৮। রেল সেতুতে পাইপলাইন সংযোজন।- (১) কোন রেলসেতুতে পাইপলাইন সংযোজনের পরিকল্পনা থাকিলে সংশ্লিষ্ট পরিচালক বিধি ২৬ এর অধীনে দরখাস্ত দাখিল করিবার সময় উক্ত পরিকল্পনার বিবরণ বিশদভাবে একটি আলাদা পীটে দাখিল করিবেন।

- (২) এইরূপ পাইপলাইন সংযোজনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালক রেল কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলীর নিকট হইতে এই মর্মে একটি সার্টিফিকেট সংগ্রহ করিবেন যে, সংশ্লিষ্ট রেলসেতুতে প্রস্তাবিত পাইপলাইন সংযোজনের ব্যাপারে উক্ত কর্তৃপক্ষের কোন আপত্তি নাই।
- (৩) পাইপলাইনের যে অংশ রেলসেতুর সহিত সংযোজিত থাকে সেই অংশের উভয় দিকে একটি করিয়া শাট-অফ-ভালভ ও ব্লো-ডাউন-ভালভ নিকটতম রেল লাইন হইতে ৯০ মিটার এবং সেতুর নিকটতম প্রান্ত হইতে ৩০০ মিটারের মধ্যে স্থাপন করিতে হইবে। পাইপলাইনের পরিচালক উক্ত ভালভগুলি কমপক্ষে প্রতি তিনমাসে একবার করিয়া পরীক্ষা করিয়া দেখিবেন যে তাহারা সঠিকভাবে সচল আছে কিনা। এইরূপ পরীক্ষার ফলাফল প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে এবং উহার একটি অনুলিপি রেল কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলীর নিকটও প্রেরণ করিতে হইবে।
- (৪) রেল সেতুর সহিত সংযুক্ত পাইপলাইন হইতে গ্যাস নির্গমন পরিলক্ষিত হইলে অবিলম্বে শাট-অফ-ভালভসমূহ বন্ধ করিয়া দিতে হইবে এবং ব্লো-ডাউন ভালভগুলি চালু করিতে হইবে যাহাতে পাইপলাইনে গ্যাসের চাপ হ্রাস পায়।
- (৫) পাইপলাইনের যে অংশ রেল সেতু সংলগ্ন এবং উপ-বিধি (৩) এ উল্লিখিত ভালভ পর্যন্ত বিস্তৃত সেই অংশ নির্মাণে ব্যবহৃত পাইপ হইবে জোড়া-বিহীন (seamless) এবং উক্ত পাইপের বৈশিষ্ট্য হইবে আমেরিকান পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর স্পেসিফিকেশন নং ৬[অনু্যন 5LX Grade X 42] এর সহিত সামঞ্জস্যপূর্ণ।
- ৬[(৬) রেল লাইন সংযুক্ত কনক্রিট নির্মিত বহুমুখী সেতুর ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।]

৪র্থ পরিচ্ছেদ

পাইপ লাইনের পরীক্ষণ এবং কার্যারম্ভ

৪৯। সাধারণ বিধান।- কোন পাইপলাইন বা উহার কোন অংশে গ্যাস পরিবহন করা যাইবে না, যদি না-

- (ক) এই পরিচ্ছেদের বিধান মোতাবেক উহা পরীক্ষা করা হয় এবং তাহা সর্বাধিক অনুমোদনযোগ্য পরিচালন-চাপ সহ্য করিবার মত উপযুক্ত বলিয়া প্রমাণিত হয়, এবং
- (খ) প্রত্যেকটি ছিদ্রের অবস্থান নির্ণয় করিয়া সংশ্লিষ্ট পাইপাংশ অপসারণ বা উক্ত ছিদ্র বন্ধ করা হয়।

৫০। ছিদ্র পরীক্ষণ পদ্ধতি।- ছিদ্র পরীক্ষণ পদ্ধতি এইরূপ হইবে যাহা পরীক্ষাধীন পাইপাংশের যাবতীয় ছিদ্রানুসন্ধান করিতে সক্ষম এবং প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত।

৫১। পরীক্ষণ মাধ্যম।- (১) ° [২০.৫ কেজি/ বর্গসেন্টিমিটার চাপ সম্পন্ন] গ্যাস পরিবহনের জন্য ব্যবহার্য পাইপলাইন পরীক্ষণের মাধ্যমে হইবে পানি :

তবে শর্ত থাকে যে, পরিস্থিতির প্রয়োজনে এবং প্রধান পরিদর্শকের অনুমোদনক্রমে, বায়ু বা গ্যাস উক্ত পরীক্ষণের মাধ্যমরূপে ব্যবহৃত হইতে পারে।

(২) °[২০.৫ কেজি/ বর্গসেন্টিমিটার এর নিম্নের চাপসম্পন্ন] গ্যাস পরিবহনের জন্য ব্যবহার্য পাইপলাইন পরীক্ষণের মাধ্যমরূপে পানি, বায়ু বা গ্যাস যে কোনটিই ব্যবহার করা যাইতে পারে।

৫২। পরীক্ষণের স্থিতিকাল।- সঞ্চালন লাইন বা মুখ্য বিতরণ-লাইনে ব্যবহার্য পাইপলাইনের ছিদ্র অনুসন্ধানের পরীক্ষণ কার্য অনূন ২৪ ঘন্টা ধরিয়া চালাইতে হইবে, তবে অনাবৃত পাইপাংশের পরীক্ষার জন্য সময় থাকিবে আট ঘন্টা। এই সময় গণনার ব্যাপারে পরীক্ষণ শুরুর পর হইতে পাইপলাইনের অন্তস্থ চাপ স্থির হওয়ার জন্য প্রয়োজনীয় সময় হইতে বাদ দিতে হইবে।

° এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে 5LX Grade X 42 to X 60 এর পরিবর্তে প্রতিস্থাপিত।

° এস.আর.ও.নং ১৯৬- আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

° এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত ।

৫৩। পরীক্ষণকালীন নিরাপত্তা।- (১) যে কোন পাইপলাইনের নির্মাণোত্তর পরীক্ষণকালে উহাতে কর্মরত ব্যক্তি ও জনসাধারণের নিরাপত্তার প্রতি সতর্ক থাকিতে হইবে। পরীক্ষাধীন পাইপ-লাইনের কোন অংশ জনপথ বা জনসমাগম হয় এইরূপ স্থান দিয়া অতিক্রম করিলে উক্ত পথে বা স্থানে পাহারার ব্যবস্থা করিতে হইবে এবং পরীক্ষণ কাজ চলার বিষয় নির্দেশক বিজ্ঞপ্তি সহজে দৃশ্যমান আকারে স্থাপন করিতে হইবে।

- (২) পরীক্ষণ মাধ্যম হিসাবে বায়ু বা গ্যাস ব্যবহার করা হইলে, পরীক্ষণ চাপ বিধি ৫৪ বা ক্ষেত্র বিশেষে বিধি ৫৫ অনুসারে যে সময়ব্যাপী সংশ্লিষ্ট পাইপলাইনের জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপ অপেক্ষা বেশী থাকে সেই সময়ে পরীক্ষণ এলাকায় পরীক্ষণকর্মী ব্যতীত অন্য কোন ব্যক্তিকে প্রবেশ করিতে দেওয়া চলিবে না।

৫৪। উচ্চচাপসম্পন্ন পাইপলাইনের পরীক্ষণ।- কোন পাইপলাইনের উচ্চচাপসম্পন্ন পরিবহনের পরিকল্পনা থাকিলে উহাতে ন্মিনরূপ চাপমাত্রায় পরীক্ষণ চালাইতে হইবে, যথা:-

- (ক) জনপদের বাহিরে স্থাপনযোগ্য পাইপলাইনের ক্ষেত্রে উহার জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপের ১.২৫ গুণ চাপমাত্রায়;
- (খ) অন্য যে কোন অঞ্চলে স্থাপনযোগ্য পাইপলাইনের ক্ষেত্রে, উহার জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপের ১.৫ গুণ চাপমাত্রায়।

৫৫। ^১[] পাইপলাইনের পরীক্ষণ পদ্ধতি।-** (১) ^২[৩.৫ কেজি/ সি এম^৩] হইতে ^৩[১০.৫ কেজি/ সি এম^৩] চাপমাত্রায় গ্যাস পরিবহনের জন্য ব্যবহার্য পাইপলাইনে উহার জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপের ^৪[১.৫ গুণ] চাপমাত্রায় পরীক্ষণ চালাইতে হইবে।

- (২) ^৫[৩.৫ কেজি/ সি এম^৩] অপেক্ষা কম চাপমাত্রায় গ্যাস পরিবহনের জন্য ব্যবহার্য পাইপলাইনে গ্যাস পরিবহনের পূর্বেই পরীক্ষা করিয়া দেখিতে হইবে যে উহা ছিদ্রমুক্ত কি না।

৫৬। পরীক্ষণ এর রেকর্ড সংরক্ষণ।- (১) বিধি ৫৪ ও ৫৫ অনুযায়ী সম্পাদিত প্রতিটি পরীক্ষণ কার্য পাইপলাইন পরিচালকের একজন প্রতিনিধির উপস্থিতিতে অনুর্তিত হইবে। উক্ত প্রতিনিধি পরীক্ষণের একটি রেকর্ড প্রস্তুত করিবেন এবং সংশ্লিষ্ট পাইপ খন্ড যতদিন ব্যবহার উপযোগী থাকে পরিচালক ততদিন উক্ত রেকর্ড সংরক্ষণ করিবেন।

- (২) উপ-বিধি (১) এ-উল্লিখিত রেকর্ডে নিম্নোক্ত তথ্যাদি থাকিবে, যথা:-

- (ক) ঠিকাদার, পরীক্ষণকারী প্রকৌশলী এবং পাইপলাইনের পরিচালকের প্রতিনিধির নাম ও ঠিকানা;
- (খ) পরীক্ষণ কার্যে ব্যবহৃত মাধ্যম;
- (গ) পরীক্ষণ কার্যে প্রযুক্ত চাপমাত্রা;
- (ঘ) পরীক্ষণের স্থিতিকাল;
- (ঙ) পরীক্ষণকালীন চাপমাত্রার চাট বা চাপমাত্রা নির্দেশক অনুরূপ অন্য কোন রেকর্ড
- (চ) পাইপলাইন কোন সড়ক বা রেললাইন, নদী বা খাল অতিক্রম করিলে, বা উহা কোন সড়ক, সেতু বা রেলসেতুর সহিত সংযোজিত থাকিলে, বা উহার কোন অংশ অনাবৃত থাকিলে, উহাদের বিবরণ;
- (ছ) আবিষ্কৃত ছিদ্র; এবং
- (জ) কোন বিভ্রাট ও উহার নিষ্পত্তি।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে “ নিম্ন চাপসম্পন্ন” শব্দগুলি বিলুপ্ত।

^২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

৫৭। প্রধান পরিদর্শকের বরাবরে নোটিস।- উক্ত চাপসম্পন্ন পাইপলাইনের ছিদ্র অনুসন্ধান করা বা উহার চাপমাত্রা সহন-ক্ষমতা নির্ণয় করার উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য পরীক্ষণ কার্যে যাহাতে প্রধান পরিদর্শক বা তাহার প্রতিনিধি উপস্থিত থাকিতে পারেন তদুদ্দেশ্যে উক্ত পাইপ লাইনের পরিচালক, পরীক্ষণ কার্য শুরু হইবার অনূন পাঁচ দিন পূর্বে প্রধান পরিদর্শকের নিকট একটি নোটিস প্রেরণ করিবেন এবং উক্ত পরীক্ষণ কার্য যথাযথভাবে পরিদর্শনের ব্যাপারে প্রধান পরিদর্শককে বা তাহার প্রতিনিধিকে প্রয়োজনীয় সকল সুযোগ-সুবিধা প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, পূর্বে স্থাপিত কোন পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ অব্যাহত রাখা জরুরী প্রয়োজন থাকিলে এবং উহার কোন অংশ প্রতিস্থাপিত হইয়া থাকিলে অনূন ২৪ ঘন্টার আগাম নোটিস দিলেও চলিবে।

৫৮। স্থানীয় পুলিশ প্রশাসনের সহায়তা ইত্যাদি।- এই অধ্যায়ের অধীনে পরীক্ষণ কার্য পরিচালনার জন্য পুলিশের সহায়তার প্রয়োজন হইলে পাইপলাইনের নির্মাতা স্থানীয় পুলিশ প্রশাসন উক্ত সহায়তা সম্পর্কে পূর্বাঙ্কেই অবহিত করিবেন এবং পুলিশ প্রশাসন উক্ত নির্মাতাকে প্রয়োজনীয় সহায়তা দিবেন।

৫৯। পাইপ বিশোধন ইত্যাদি।- ^১[(১)পাইপে ছিদ্রানুসন্ধানের কাজে পানি ব্যবহৃত হইলে উহা হইতে পানি ও গাদ (Scale) অপসারণের জন্য পর্যায়ক্রমে ব্রাশ পিগ (Cleaning Pig), কাপ পিগ (Batching Pig) এবং ফোম পিগ (Swabbing Pig/ Drying Pig) বা অনুরূপ পিগ (Pig) ব্যবহার করিতে হইবে।]

(২) উপ-বিধি (১) এর শর্ত প্রযোজ্য ক্ষেত্রে পূরণের পর পাইপলাইনকে বায়ু মুক্ত করিতে হইবে।

(৩) পাইপলাইনকে বায়ুমুক্ত করার উদ্দেশ্যে এবং প্রযোজ্য ক্ষেত্রে উপ-বিধি (১) এর শর্ত পূরণের পর, উহাকে অবশিষ্ট পানিমুক্ত করার উদ্দেশ্যে শুষ্ক নাইট্রোজেন দ্বারা পৃথকীকৃত অবস্থায় মিথেনেলের দুইটি প্রবাহ পাইপলাইনের মধ্য দিয়া চালাইয়া পানিমুক্ত করার কাজ সম্পন্ন করা যাইতে পারে।

- (৪) বিশোধন প্রক্রিয়ায় মিথোনে ব্যবহৃত না হইলে, পাইপলাইনে যাহাতে বায়ু বা নিষ্ক্রিয় গ্যাস বা গ্যাস-মিশ্রণ সর্বনিম্ন পর্যায়ে থাকে তাহা নিশ্চিত করার উদ্দেশ্যে পাইপলাইনের গ্যাস পরিবহণ পরিকল্পনা সতর্কতার সহিত গ্রহণ করিতে হইবে।

৫ম পরিচ্ছেদ ক্ষয়বোধ

৬০। সাধারণ শর্তাবলী।- (১) প্রত্যেকটি ধাতব পাইপলাইনের বাহ্যিক ক্ষয় রোধের উদ্দেশ্যে পাইপে প্রলেপন ও ক্যাথোড পদ্ধতির সাহায্যে সন্মিলিতভাবে প্রতিরোধ পদ্ধতি প্রয়োগ করিতে হইবে।

- (২) পরিচালক যদি প্রয়োজনীয় পরীক্ষণ, অনুসন্ধান বা অন্যবিধভাবে প্রমাণ করিতে পারেন যে, ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা প্রয়োজন, তাহা হইলে প্রধান পরিদর্শক উপ-বিধি (১) এর বিধান পালন করা হইলে উক্ত পরিচালককে অব্যাহতি দিতে পারেন।

৬১। প্রলেপন।- (১) পাইপলাইনের বাহ্যিক প্রলেপন এমন বৈদ্যুতিক ও যান্ত্রিক পদ্ধতিতে সম্পন্ন করিতে হইবে যাহাতে উহা পাইপের ব্যাস, প্রাকৃতিক পরিবেশ ও পাইপলাইন পরিচালনা পদ্ধতির পক্ষে উপযুক্ত ও টেকসই হয়। প্রলেপ শক্তভাবে পাইপের সংগে আটকাইয়া থাকিবে এবং পাইপের সহিত ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা সংযুক্ত থাকিলে সংযোগস্থলে কোন ফাকা স্থান থাকিবে না।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

^২[(২) পাইপের প্রলেপন ব্যবস্থা বজায় আছে কিনা তাহা প্রতি তিন বৎসর অন্তর অন্তর যান্ত্রিক পদ্ধতিতে পরীক্ষা করিতে হইবে এবং

প্রলেপন ব্যবস্থা অকার্যকর হইলে উহা দ্রুততম সময়ের মধ্যে মেরামত করিতে হইবে।

(৩) সমুদ্রপৃষ্ঠে স্থাপনকারী পাইপকে এমনভাবে প্রলেপন দিতে হইবে যাহাতে সমুদ্রের পানি কোনভাবেই পাইপের গায়ে না লাগে।

(৪) সমুদ্রপৃষ্ঠে স্থাপিত পাইপে এমন যান্ত্রিক ও কারিগরী ব্যবস্থা স্থাপন করিতে হইবে যাহাতে পাইপের প্রলেপন ব্যবস্থা ক্ষতিগ্রস্ত বা অকেজো হইলে দ্রুততম সময়ে উহা নির্ণয় করা যায়।]

৬২। ক্যাথোড পদ্ধতি প্রতিরোধ।- (১) পাইপলাইন নির্মিত হওয়ার এক বৎসরের মধ্যে, যতদূর সম্ভব বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন কোড অব প্র্যাক্টিস নং ১০২১ অথবা আমেরিকান ন্যাশনাল এসোসিয়েশন অব করোশন ইঞ্জিনিয়ার্স কোড জ.চ. ০১-৭২ অনুযায়ী পাইপলাইনে ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা প্রয়োগ করিতে হইবে।

- (২) উপ-বিধি (১) এ উল্লিখিত ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা স্যাকরিফিসিয়াল অ্যানোড পদ্ধতি অথবা বিদ্যুৎ প্রবাহ পদ্ধতির মাধ্যমে প্রয়োগ করা যাইবে।
- (৩) ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ মাত্রা এইরূপ হইবে যাহাতে পাইপের প্রতিরোধক প্রলেপ ক্ষতিগ্রস্ত না হয়।
- [(৪) সমুদ্রপৃষ্ঠে স্থাপিত পাইপের কোন অংশ সমুদ্রের পানির সংস্পর্শে আসিলে উক্ত অংশের জন্য সেক্রিফেসিয়াল এনোডের ব্যবস্থা করিতে হইবে এবং উক্ত অংশকে অপরিবাহী ক্ল্যাম্প দ্বারা পাইপের সাথে সংযুক্ত করিতে হইবে এবং পাইপের অবশিষ্ট অংশকে ক্যাথোডিক রক্ষা ব্যবস্থার আওতায় আনয়ন করিতে হইবে।
- (৫) বৈদ্যুতিকভাবে ক্যাথোডিক রক্ষা ব্যবস্থার আওতায় পাইপ লাইন আনয়ন করা কারিগরিভাবে সুবিধাজনক না হইলে পাইপের ক্ষয়রোধের জন্য কার্যকরভাবে সেক্রিফেসিয়াল এনোডের ব্যবস্থা করিতে হইবে।]

৬৩। মনিটরিং:- (১) কোন পাইপলাইনের ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা সংযুক্ত হইলে উক্ত ব্যবস্থা বিধি ৬২(১) এ উল্লিখিত স্পেসিফিকেশন অনুসারে যথাযথভাবে কার্যকর আছে কিনা তাহা প্রত্যেক পঞ্জিকা বৎসরে কমপক্ষে একবার পরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং এইরূপ দুইটি পরীক্ষার ব্যবধান ১৫ মাসের বেশী হওয়া চলিবে না

- (২) পাইপলাইনের সংযুক্ত ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থায় সংযুক্ত বিদ্যুৎ শক্তির উৎস সচল আছে কিনা তাহা পরীক্ষা করিবার জন্য অনধিক ৭৫ দিন অন্তর এবং সারা বৎসরে অন্তত ছয়বার উক্ত পাইপলাইন পরিদর্শন করিতে হইবে:

[তবে শর্ত থাকে যে, সমুদ্রতলে স্থাপিত পাইপলাইনের ক্ষয়রোধ ব্যবস্থা প্রতি বৎসর কমপক্ষে দুইবার পরীক্ষা করিয়া দেখিতে হইবে।]

- (৩) যে সকল রিভার্স কারেন্ট, সুইচ ডাইওড এবং ইন্টারফিয়ারেন্স বন্ড ক্যাথোড পদ্ধতির ব্যবস্থায় অক্ষুন্ন রাখার জন্য অপরিহার্য, সেইগুলিকে অনধিক ৭৫ দিন অন্তর এবং সারা বৎসরে মোট ছয়বার বৈদ্যুতিক ব্যবস্থার মাধ্যমে পরীক্ষা করিতে হইবে অন্যান্য ইন্টারফিয়ারেন্স বন্ড প্রত্যেক পঞ্জিকা বৎসরে একবার পরীক্ষা করিতে হইবে। এবং এইরূপ দুইটি পরীক্ষা ব্যবধান ১৫ মাসের বেশী হওয়া চলিবে না।

- (৪) কোন পরিচালক কোন পাইপলাইনের ব্যাপারে বিধি ৬০ (২) এর অধীনে অব্যাহতি পাইয়া থাকিলে, তিনি অনধিক তিন বৎসরে অন্তর উক্ত পাইপলাইনের অবস্থা মূল্যায়ন করিবেন এবং উক্ত পাইপলাইনের কোন অংশে বিপজ্জনক ক্ষয় পরিলক্ষিত হইলে সেই অংশে ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করিবেন।

- (৫) এই বিধি অনুসারে অনুষ্ঠিত পরীক্ষণ বা পরিদর্শনের মাধ্যমে কোন পাইপলাইনের ত্রুটি ধরা পড়িলে উক্ত ত্রুটি সংশোধনকল্পে পাইপলাইনের পরিচালক অবিলম্বে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

- (৬) এই পরিচ্ছেদের অধীনে সকল পরীক্ষণ বা মূল্যায়ন প্রশিক্ষণপ্রাপ্ত বা অভিজ্ঞ কর্মীর দ্বারা সম্পন্ন করাইতে হইবে।

(৭) প্রধান পরিদর্শক অথবা তাহার প্রতিনিধির উপস্থিতিতে প্রতি তিন বৎসরে কমপক্ষে একবার উচ্চ-চাপ সম্পন্ন পাইপলাইনে উক্তরূপ পরীক্ষণ বা মূল্যায়ন সম্পাদিত হইবে, এবং প্রধান পরিদর্শক অথবা

১.২.৩ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

তাহার প্রতিনিধিকে সংশ্লিষ্ট পাইপলাইনের ক্ষয় নিয়ন্ত্রণ সংক্রান্ত পরিস্থিতি এবং ক্ষয়মুক্ত অবস্থা বাস্তবে পরীক্ষা করিয়া দেখিবার জন্য সকল সুযোগ-সুবিধা দিতে হইবে।

৬৪। টেস্ট স্টেশন।- এই অধ্যায়ের বিধান মোতাবেক ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থাধীন প্রত্যেক পাইপলাইনে অনুরূপ প্রতিরোধ ব্যবস্থার পর্যাপ্ততা বৈদ্যুতিক সরঞ্জামের দ্বারা নির্ধারকল্পে পাইপলাইনের বিভিন্ন স্থানে পর্যাপ্ত সংখ্যক পরীক্ষণ কেন্দ্র বা অনুরূপ সুবিধার ব্যবস্থা রাখিতে হইবে।

৬৫। টেস্টিং রড।- (১) প্রত্যেক পাইপলাইনের সহিত একটি বিদ্যুৎ পরিবাহী টেস্টিং রড সংযুক্ত থাকিবে।
(২) উক্ত টেস্টিং রড পাইপলাইনের সহিত এইরূপে সংযুক্ত রাখিতে হইবে যাহাতে পাইপের উপরে উহার পীড়ন জনিত প্রভাব সম্ভাব্য নিম্নতম পর্যায়ে থাকে।

৬৬। রেকর্ড।- ক্যাথোড পদ্ধতির প্রতিরোধ ব্যবস্থাধীন পাইপলাইনের পরিচালক উক্ত পাইপলাইন যতদিন কার্যোপযোগী থাকে ততদিন নিম্নরূপ রেকর্ড সংরক্ষণ করিবেন, যথা:-

- (ক) উক্তরূপ প্রতিরোধ ব্যবস্থার সহিত সংযুক্ত সকল পার্শ্ববর্তী কাঠামো সংক্রান্ত রেকর্ড ;
- (খ) উক্ত পাইপলাইন ও কাঠামোর অবস্থান নির্দেশক নকশা;
- (গ) যে সকল পরীক্ষণ বা মূল্যায়নের ভিত্তিতে কোন পাইপলাইনের ক্ষয় নিয়ন্ত্রণকল্পে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে অথবা উক্তরূপ ব্যবস্থার প্রয়োজন ছিল না বলিয়া দেখা গিয়াছে সেই সকল পরীক্ষণ বা মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় রেকর্ড।

৬ষ্ঠ পরিচ্ছেদ

পরিচালনা ও রক্ষণাবেক্ষণ

৬৭। সাধারণ শর্তাবলী।- (১) পাইপলাইনের কোন অংশ এই বিধিমালার বিধান অনুসারে রক্ষণাবেক্ষণ করা না হইলে কোন ব্যক্তি উক্ত অংশ পরিচালনা করিতে পারিবেন না।

- (২) পাইপলাইনের কোন অংশ বিপদমুক্ত নয় বলিয়া প্রতীয়মান হইতে উহা প্রয়োজনমত মেরামত করিতে হইবে অথবা উহা অপসারণ করিয়া তদস্থলে উপযুক্ত পাইপ লাগাইতে হইবে।
- (৩) পাইপের কোন ছিদ্রের ফলে বিপদ হইতে পারে বলিয়া প্রতীয়মান হইলে উক্ত ছিদ্র অবিলম্বে বন্ধ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- ৪[(৪) সঞ্চালন পাইপ লাইন নির্মাণের ২৫ বৎসর পর হইতে সাধারণতঃ প্রতি ৫ বৎসর অন্তর ইন্টেলিজেন্স পিগিং করিয়া তাহার পুরুত্ব নির্ণয় করিতে হইবে, তবে বিশেষ ক্ষেত্রে পাইপ লাইনের কোনরূপ ক্ষয়ক্ষতির আশংকা থাকিলে অবিলম্বে ইন্টেলিজেন্স পিগিং এর ব্যবস্থা করিতে হইবে এবং যদি পুরুত্ব ডিজাইন গ্যালাউন্স অপেক্ষা অধিক ক্ষয় প্রাপ্ত হয় তবে পাইপ লাইন বা তাহার অংশ বিশেষ পরিত্যক্ত বা প্রতিস্থাপন করিতে হইবে।
- (৫) সঞ্চালন ও বিতরণ পাইপ লাইনের পিএসপি (পাইপ টু সয়েল পোটেনশিয়াল) রিপোর্টে যদি দেখা যায় যে, কারেন্ট ডেনেজ নির্দিষ্ট সীমা অপেক্ষা অধিক, তবে সেই অংশে প্রতিকারের ব্যবস্থা করিতে হইবে।
- (৬) বিতরণ পাইপ লাইনে ক্ষয়জনিত ছিদ্র দেখা দিলে সে অংশ প্রতিস্থাপন বা ক্ল্যাম্পিং করিতে হইবে।]

৬৮। অনুমোদিত চাপমাত্রা অধিক চাপে গ্যাস পরিবহন নিষিদ্ধ।- প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত মাত্রার অতিরিক্ত চাপে কোন পরিচালক কোন পাইপলাইনে গ্যাস পরিবহন করিবেন না।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

৬৯। পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিরাপদ পদ্ধতি।- (১) প্রত্যেক পরিচালক তাহার নিয়ন্ত্রণাধীন পাইপলাইন পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে নিরাপত্তা বিধানকল্পে এই বিধিমালা অনুসারে একটি পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন করিবেন।

- (২) উপ-বিধি (১) এই ধীন প্রনীত বা পরিকল্পনার অন্যান্য বিষয়ের মধ্যে নিম্ন বর্ণিত বিষয় বিশেষভাবে উল্লেখিত থাকিবে, যথাঃ-
- (ক) স্বাভাবিক অবস্থায় পাইপলাইনের ও গ্যাস সংক্রান্ত অন্য সকল সরঞ্জামাদির পরিচালনা ও মেরামত পদ্ধতির বিশদ বর্ণনা এবং কর্মীগণ কর্তৃক অনুসরণীয় নির্দেশ;
- (খ) বিধি ৭০ এ উল্লিখিত জরুরী অবস্থার মোকাবিলা;
- (গ) বিধি ৭৩, ৭৪ ও ৭৫ এর বিধান পালনের উদ্দেশ্যে কর্মীগণের কর্তব্য;
- (ঘ) সংকটজনক জরুরী অবস্থায় বা নির্মাণ কাজ বা অস্বাভাবিক মেরামত কাজের ফলে, পাইপলাইনের কোন অংশ বা গ্যাস-সংক্রান্ত কোন নির্দিষ্ট সরঞ্জাম হইতে জনসাধারণের বিপদ হইবার সম্ভাবনার ক্ষেত্রে কর্মীগণের কর্তব্য;

(ঙ) উচ্চ চাপসম্পন্ন সঞ্চালন লাইন বা মূখ্য বিতরণ লাইন নির্দিষ্ট সময় অন্তর অন্তর পরিদর্শনের নিয়ম ও নির্দেশ।

৭০। জরুরী অবস্থার জন্য পরিকল্পনা।- প্রত্যেক পরিচালক-

- (ক) পাইপলাইনে গ্যাসের স্বাভাবিক পরিবহন বিঘ্নিত হওয়া বা তৎসংক্রান্ত সরঞ্জাম অচল হওয়া বা অন্যবিধ সংকটজনক জরুরী অবস্থা মোকাবেলার উদ্দেশ্যে একটি জরুরী পরিকল্পনা প্রণয়ন করিবেন;
- (খ) রক্ষণাবেক্ষণ ও পরিচালনার সহিত সংশ্লিষ্ট কর্মীগণকে উক্ত পরিকল্পনার প্রয়োজ্য অংশ সম্পর্কে সম্যক অবহিত করিবেন;
- (গ) প্রয়োজনের সময় যথাযথ সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের সংগে এই পরিকল্পনা সম্পর্কিত বিষয়ে যোগাযোগ স্থাপন করিবেন।

৭১। পাইপলাইনের অকার্যকারিতা অনুসন্ধান।- (১) পাইপলাইনের অকার্যকারিতা বা কোন দুর্ঘটনার কারণ নির্ধারণকল্পে এবং উহাদের পুনরাবৃত্তি রোধ করার উদ্দেশ্যে প্রত্যেক পরিচালক প্রয়োজনীয় অনুসন্ধান ও বিশ্লেষণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

- (২) উক্ত অনুসন্ধান ও বিশ্লেষণের ফলাফল একটি প্রতিবেদন আকারে, সংশ্লিষ্ট অকার্যকারিতা বা দুর্ঘটনার ত্রিশ দিনের মধ্যে, প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে।

৭২। সতর্ক পর্যবেক্ষণ।- (১) প্রত্যেক পরিচালক পাইপলাইন ও তৎসংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জামাদির সম্ভাব্য সর্বাধিক কার্যকারিতা নিশ্চিত করার উদ্দেশ্যে উহাদের সতর্ক পর্যবেক্ষণের (surveillance) ব্যবস্থা করিবেন।

- (২) পাইপলাইনের কোন অংশের অবস্থা অসন্তোষজনক বলিয়া নিরূপিত হইলে প্রয়োজন মোতাবেক উহা বাদ দেওয়া, বদলাইয়া ফেলা বা মেরামতের জন্য পরিকল্পিত কর্মসূচী গ্রহণ করিতে হইবে। উক্তরূপ কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব না হইলে অনুমোদনযোগ্য সর্বোচ্চ পরিচালনচাপ হ্রাস করিতে হইবে।

৭৩। পাইপলাইনে চৌকী দেওয়া।- (১) পাইপলাইনের উপরিতলের অবস্থা, পথাদিকারের অক্ষুণ্ণতা, পাইপলাইনের ছিদ্রের আভাস পরিচালক ব্যতীত অন্য কাহারও নির্মাণ কার্যাদি এবং পাইপলাইনের নিরাপত্তা ও পরিচালনা ব্যবস্থা বিঘ্নিত করিতে পারে এইরূপ কারণসমূহ, পর্যবেক্ষণকল্পে প্রত্যেক পরিচালক প্রতিটি পাইপলাইনে নির্দিষ্ট সময় অন্তর চৌকির ব্যবস্থা করিবেন।

- (২) দুইটি চৌকির, সময়ের ব্যবধান নির্ধারণকল্পে পাইপের আকার, পরিচালন-চাপ, পাইপলাইনের গমনপথ, আবহাওয়া এবং অন্যান্য প্রাসংগিক বিষয়াদি বিবেচনা করিতে হইবে, তবে সঞ্চালন লাইনের ক্ষেত্রে দুইটি চৌকীর সর্বাধিক ব্যবধান নিম্নরূপ হইবে, যথা:-

(ক) জনপদেরবাহিরে ১[৩ মাস] ; এবং

(খ) অন্যান্য অবস্থানে ১[১ মাস], তবে প্রত্যেক পঞ্জিকা বৎসরে কমপক্ষে ছয়বার।

- (৩) যে কোন সড়ক বা রেল সেতুর সহিত সংযুক্ত পাইপলাইনে ২৪ ঘন্টার কমপক্ষে একবার চৌকীর ব্যবস্থা করিতে হইবে।

- (৪) কোন সঞ্চালন লাইন বা মুখ্য বিতরণ লাইন যদি এইরূপ স্থানে স্থাপিত থাকে যেখানে যানবাহন চলাচল বা অন্যবিধ বাহ্যিক ভরের প্রভাবে উহা অকার্যকর বা উহাতে ছিদ্র সৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে, তাহা হইলে উক্ত স্থানে প্রতি ২৪ ঘন্টায় কমপক্ষে একবার চৌকীর ব্যবস্থা করিতে হইবে; এবং প্রয়োজনবোধে প্রধান পরিদর্শক এইরূপ স্থান নির্দিষ্ট করিয়া দিতে পারিবেন।

৭৪। ছিদ্র জরীপা- (১) প্রত্যেক পরিচালক তাহার পরিচালন এবং রক্ষণাবেক্ষণ পরিকল্পনায় পাইপলাইনের ছিদ্রসমূহ অনুসন্ধানের জন্য নির্দিষ্ট সময় অন্তর অন্তর জরীপের ব্যবস্থা করিবেন।

- (২) উপ-বিধি (১) এ উল্লেখিত জরীপকার্য পরিচালনার জন্য এমন পদ্ধতির বাছাই করিতে হইবে যাহাতে প্রকৃত ঝুঁকিপূর্ণ ছিদ্রগুলির সন্ধান পাওয়া যায়; এতদুদ্দেশ্যে নিম্নরূপ পদ্ধতিসমূহ অবলম্বন করা যাইতে পারে, যথা:-

(ক) গ্যাস অনুসন্ধান জরীপ;

(খ) পাইপলাইনের পার্শ্ববর্তী গাছপালা, তৃণ বা লতাগুল্ম জরীপ;

(গ) চাপমাত্রা হ্রাস জরীপ;

(ঘ) অনাবৃত পাইপ এবং ফিটিংসমূহ সাবানের ফেনার সাহায্যে জরীপ;

তবে শর্ত থাকে যে, জনবসতিপূর্ণ এবং ঘর বাড়ী বহল এলাকায় আবশ্যিকভাবে গ্যাস অনুসন্ধান জরীপ পরিচালিত হইবে।

- (৩) কোন সঞ্চালন লাইন বা মুখ্য বিতরণ লাইনে ছিদ্র জরীপের কাজ বিধি ৭৩ (২) এ নির্ধারিত পৌনঃপুনিকতায় পরিচালিত হইবে।

- (৪) জরীপের মাধ্যমে পাইপলাইনে যে সকল ছিদ্র বিহীন হয় উহাদের মূল্যায়ন করিয়া প্রয়োজনীয় মেরামত অথবা সংশ্লিষ্ট পাইপটি প্রতিস্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

- (৫) গ্রাহক বা অন্য কোন সূত্রের মাধ্যমে স্ত্রাত ছিদ্রসমূহের ক্ষেত্রে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা করিতে হইবে।

- (৬) পাইপলাইনের কোন বড় ধরনের ফাটল বা ছিদ্র চিহ্নিত হইলে, তৎসম্পর্কে সংশ্লিষ্ট চৌকিদার অথবা গ্যাস জরীপকারক নিকটতম থানায় সম্ভাব্য দ্রুততম পন্থায় খবর দিবেন; বিপদজনক ছিদ্রের ক্ষেত্রে, পরিচালক ছিদ্রস্থানের নিকটবর্তী পাহারাদার মোতায়েন করিবেন এবং উক্ত অঞ্চলে অননুমোদিত ব্যক্তিদের যাতায়াত বন্ধ করিবেন এবং রেললাইনের ১৫ মিটারের মধ্যে কোন ছিদ্র দেখা দিলে বিধি ৪৭ (৩) এর বিধান পালন করিতে হইবে।

৭৫। রক্ষণাবেক্ষণ ও মেরামত কর্মী।- (১) সঞ্চালন লাইন বা মূখ্য বিতরণ লাইন বা বিতরণ ব্যবস্থার যে কোন অংশে ছিদ্র সৃষ্টি দুর্ঘটনা ঘটা অথবা উক্ত লাইন বা ব্যবস্থা অচল হওয়ার খবর পাওয়ার সংগে সংগে যাহাতে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ, মেরামত এবং অন্যান্য স্থায়ী ও অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করা যায় তজ্জন্য পরিচালক প্রয়োজনীয় সংখ্যক রক্ষণাবেক্ষণ ও মেরামত কর্মী নিয়োজিত রাখিবেন।

(২) কোন পাইপলাইনে যদি এমন ছিদ্র বা গর্ত বা খাঁজ দেখা দেয় যে, উহা হইতে যে কোন মূহুর্তে বিপদের সম্ভাবনা আছে, তাহা হইলে জান-মালের নিরাপত্তা বিধানকল্পে পরবর্তীতে স্থায়ী প্রতিকার ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে, অবিলম্বে কোন অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

^১ এস.আর.ও. নং ১৯৬ -আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে “ ১০ মাস” এর পরিবর্তে প্রতিস্থাপিত।

^২ এস.আর.ও. নং ১৯৬ -আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে “ ৩ মাস” এর পরিবর্তে প্রতিস্থাপিত।

৭৬। পাইপলাইনের গ্যাস গন্ধযুক্তকরণ।- ^১[(১) গ্রাহকগণের নিকট বিতরণযোগ্য গ্যাস বিশেষ গন্ধযুক্ত করিতে হইবে যাহাতে পাইপ লাইনে কোন ছিদ্র দেখা দিলে বা অন্যভাবে গ্যাস নির্গত হইলে উক্ত ছিদ্র দিয়া গ্যাস নির্গত হওয়া মাত্রই পরিচালকের কর্মচারীগণ বা জনসাধারণ বা ব্যবহারকারী উহা বুঝিতে পারে:

তবে শর্ত থাকে যে, গ্যাস গন্ধযুক্তকরণের রাসায়নিক দ্রব্য যাহাতে পরিবেশ দূষণ না করে তাহা নিশ্চিত করিতে হইবে।]

(২) গ্যাস গন্ধযুক্তকরণের সরঞ্জাম স্থাপনের ফলে যাহাতে আশে-পাশের লোকের উপর উৎপাত সৃষ্টি না হয় তাহার প্রতি লক্ষ্য রাখিতে হইবে।

(৩) পরিচালক গন্ধযুক্তকরণ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করিবেন এবং উক্ত সরঞ্জামাদি প্রতি সপ্তাহে কমপক্ষে একবার পরিদর্শনের ব্যবস্থা করিবেন।

(৪) গ্যাসে কি ধরণের গন্ধযুক্ত হইবে এবং গন্ধযুক্তকরণ কেন্দ্র কোথায় অবস্থিত হইবে তৎসম্পর্কে পরিচালক প্রধান পরিদর্শকের অনুমোদন গ্রহণ করিবেন।

[(৫) গ্যাস কি ধরণের গন্ধযুক্ত হইবে এবং গন্ধযুক্তকরণ কেন্দ্র কোথায় অবস্থিত হইবে পরিচালক তৎসম্পর্কে প্রধান পরিদর্শকের অনুমোদন গ্রহণ করিবেন।

(৬) সার, চা বাগান, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে গ্যাস সরবরাহের ক্ষেত্রে গ্যাস গন্ধযুক্ত করিবার প্রয়োজন হইবে না:

তবে শর্ত থাকে যে, এই সমস্ত স্থানে গ্যাস লিকেজ নির্ণয়ের জন্য স্বয়ংক্রিয় ইলেকট্রনিক গ্যাস ডিটেক্টর স্থাপন করিতে হইবে:

তবে আরো শর্ত থাকে যে, এই সমস্ত শিল্প প্রতিষ্ঠানে গৃহস্থালির কাজে ব্যবহৃত গ্যাসে অবশ্যই গন্ধযুক্ত করিতে হইবে।]

৭৭। কম্প্রসর স্টেশনের রক্ষণাবেক্ষণ।- (১) প্রত্যেক পরিচালক প্রতিটি কম্প্রসর স্টেশনের সকল ইউনিটের কার্ভারস, পরিচালনা ও গন্ধকরণের ব্যাপারে একটি সুনির্দিষ্ট ও যথাযথ পদ্ধতি সম্বলিত একটি কর্মসূচী প্রণয়ন করিয়া উহা অনুসরণ করিবেন।

(২) কম্প্রসর স্টেশনে স্থাপিত গ্যাস-চাপ প্রশমনকারী যন্ত্রপাতি বিধি ৭৯ (১) অনুযায়ী পরিদর্শন ও পরীক্ষণ করিত হইবে, এবং গ্যাস যোগাযোগ বিচ্ছিন্নকরণ ডিস্ক (rupture disk) ও রিমোট শার্ট-ডাউন যন্ত্রপাতি ব্যতীত অন্যান্য যন্ত্রপাতি কার্যোপযোগী আছে কিনা তাহা পরীক্ষার জন্য প্রতি ৭৫ দিনে অন্ততঃ একবার উক্ত অন্যান্য যন্ত্রপাতি চালু করিয়া দেখিতে হইবে এবং সকল রিমোট শার্ট-ডাউন যন্ত্রপাতি সঠিকভাবে কাজ করে কিনা তাহ নিরূপণকল্পে বৎসরে কমপক্ষে একবার পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে। এইরূপ পরিদর্শন ও পরীক্ষণের মাধ্যমে ত্রুটিপূর্ণ বা অচল হিসাবে চিহ্নিত যন্ত্রপাতি প্রয়োজন অনুসারে মেরামতের বা উহা প্রতিস্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

৭৮। পাইপাকৃতি বা বোতলাকৃতি আধার রক্ষণাবেক্ষণ।- (১) কোন পরিচালকের নিয়ন্ত্রণে পাইপাকৃতি বা বোতলাকৃতি আধার থাকিলে, উহাদের রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে তিনি নির্দিষ্ট সময় অন্তর অন্তর উহাদের পরিদর্শন, পরীক্ষণ ও তৎসম্পর্কে প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণের পদ্ধতি সম্বলিত একটি কর্মসূচী প্রণয়ন করিয়া উহা অনুসরণ করিবেন।

(২) উক্ত আধারসমূহের কার্যক্ষমতা ক্ষয়ের ফলে নষ্ট হওয়ার পূর্বেই উক্ত ক্ষয় চিহ্নিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) উক্ত আধারে সঞ্চিত গ্যাস জমা হওয়া বাষ্পের শিশিরাঙ্ক নির্ধারণকল্পে প্রতি ছয় মাসে কমপক্ষে একবার গ্যাসের নমুনা সংগ্রহ করিয়া উহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে, যে উক্ত বাষ্প শিশিরে পরিণত হয় কি না এবং হইলে উহার পরিমাণ সংশ্লিষ্ট আধারকে ক্ষয় করার বা উক্ত আধার নিরাপদে ব্যবহারের পক্ষে বিঘ্ন সৃষ্টির জন্য পর্যাপ্ত কি না।

(৪) চাপমাত্রা নিয়ন্ত্রণ ও সীমিতকরণ সরঞ্জামাদি নিরাপদে পরিচালনযোগ্য এবং পর্যাপ্ত কার্যক্রম আছে কি না তাহা নিরূপনকল্পে উহাদিগকে মাঝে মাঝে পরিদর্শন ও পরীক্ষণ করিতে হইবে।

(৫) প্রত্যেক পরিচালক উপ-বিধি (১) এ বিধৃত কর্মসূচী প্রণয়ন করতঃ তাহা অনুসরণ করিবেন এবং সম্পাদিত পরিদর্শন ও পরীক্ষণ কার্যের বিবরণ, পরিলক্ষিত অবস্থা ত্রুটি এবং গৃহীত প্রতিকারমূলক ব্যবস্থার রেকর্ড সংরক্ষণ করিবেন।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।

^২ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।

৭৯। চাপমাত্রা সীমিতকরণ এবং চাপ নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহ রক্ষণাবেক্ষণ।- (১) সকল চাপমাত্রা সীমিতকরণ কেন্দ্র, চাপমাত্রা নিয়ন্ত্রণ কেন্দ্র, চাপমাত্রা প্রশমন যন্ত্রাদি এবং সংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জামাদিকে একটি সুনির্দিষ্ট পন্থায় এবং নির্দিষ্ট সময় অন্তর এইরূপে পরিদর্শন ও পরীক্ষণ ব্যবস্থার অধীনে রাখিতে হইবে, যদ্বারা বুঝা যায় যে, -

(ক) উহাদের যান্ত্রিক কার্যকরতা উত্তম অবস্থায় রহিয়াছে;

(খ) উহারা সঠিক চাপমাত্রায় কার্যোপযোগী আছে;

(গ) উহারা যথাযথভাবে স্থাপিত রহিয়াছে এবং ময়লা, তরল পদার্থ বা এমন অন্যান্য অবস্থা হইতে মুক্ত আছে যাহা উহার সঠিক কার্যক্ষমতা ব্যাহত করিতে পারে।

(২) এই বিধির অধীন দুইটি পরিদর্শনের ব্যবধান ৭৫ দিনের অধিক হইবে না।

৮০। ভালভ রক্ষণাবেক্ষণ।- (১) সঞ্চালন লাইনের যে সকল ভালভ জরুরী অবস্থায় ব্যবহৃত হইতে পারে সে সকল ভালভ মাঝে মাঝে পরিদর্শন করিতে হইবে; এবং উহাদের নিরাপদ ও সঠিক পরিচালন অবস্থা নিরূপণকল্পে উহাদিগকে প্রতি ছয় মাসে কমপক্ষে একবার আংশিকভাবে চালাইয়া দেখিতে হইবে।

(২) বিতরণ-লাইন পরিচালনার জন্য প্রয়োজনীয় ভালভসমূহের সন্তোষজনক পরিচালন অবস্থা নিরূপণকল্পে প্রতি ছয় মাসে উহাদিগকে কমপক্ষে একবার পরীক্ষণ করিতে হইবে এবং প্রয়োজনমত উহাদিগকে তৈলনিষিক্ত (lubrication) বা অন্যবিধভাবে মেরামত করিতে হইবে।

(৩) রঙ্গমঞ্চ, মসজিদ, স্কুল ও হাসপাতালসহ অন্যান্য জনসমাগম স্থলের সার্ভিস লাইন স্থাপিত ভালভসমূহের সন্তোষজনক পরিচালন অবস্থা নিরূপণকল্পে উহাদিগকে প্রতি ছয় মাস অন্ততঃ একবার পরিদর্শন করিতে হইবে, এইরূপ পরিদর্শনকালে কোন অসন্তোষজনক অবস্থা পরিলক্ষিত হইলে প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং প্রয়োজন হইলে ভালভকে তৈলনিষিক্ত করিতে হইবে।

৮১। ভল্ট সংরক্ষণ।- (১) চাপমাত্রা সীমিতকরণ বা প্রশমন বা নিয়ন্ত্রণ যন্ত্র কোন ভল্টে রাখা হইলে, উক্ত যন্ত্র পরিদর্শকালে ভল্টটিও পরিদর্শন করিতে হইবে। ভল্টে কোন কর্মচারী প্রবেশের পূর্বে পরীক্ষা করিয়া দেখিতে হইবে যে, উহার অভ্যন্তরস্থ বায়ুতে কোন দাহ্য গ্যাস আছে কিনা, এবং দাহ্য গ্যাস

পাওয়া গেলে উহার উৎস নিরূপণ করিতে হইবে। ভল্টের অভ্যন্তরস্থ কোন নল যথাযথভাবে ফাঁকা আছে কিনা এবং ভল্টের ঢাকনা জননিরাপত্তার পক্ষে বুকিপূর্ণ কি না তাহাও পরীক্ষা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে কৃত পরিদর্শন ও পরীক্ষায় কোন ত্রুটি ধরা পড়িলে উহা দূর করিতে হইবে।

৮২। পরিচালন ও রক্ষণাবেক্ষণ রেকর্ড।- (১) প্রত্যেক পরিচালক তাহার নিয়ন্ত্রণাধীন প্রত্যেক পাইপলাইন সম্পর্কে নিম্নরূপ রেকর্ড সংরক্ষণ করিবেন, যথা:

- (ক) পাইপলাইনের সকল অংশের পরিচালন চাপ ও উহার পরিচালন;
- (খ) এই পরিচ্ছেদের বিধান মোতাবেক নিয়মিত ও নিয়মিত সতর্ক পর্যবেক্ষণ, ছিদ্র জরীপ, পরিদর্শন ও পরীক্ষণ;
- (গ) এই পরিচ্ছেদের বিধান মোতাবেক রক্ষণাবেক্ষণ কার্যাদির বিবরণ।

(২) প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত ব্যক্তি উপ-বিধি (১) এর অধীন রক্ষণীয় রেকর্ড দেখিতে চাহিলে বা তলব করিলে তাহার নির্দেশ মোতাবেক পরিচালক উহা প্রদর্শন বা দাখিল করিবেন।

৮৩। রক্ষণাবেক্ষণ কার্যের প্রতিবেদন।- প্রত্যেক পরিচালক বিধি ৮২ এর বিধান মোতাবেক রক্ষণীয় যাবতীয় রেকর্ডের একটি দ্বিবার্ষিক সমনিত প্রতেবেদন পরবর্তী বৎসরের ৩১শে মার্চের মধ্যে প্রধান পরিদর্শকের নিটক দাখিল করিবেন।

৮৪। প্রধান পরিদর্শক ইত্যাদির উপস্থিতিতে পরীক্ষণ।- (১) এই পরিচ্ছেদের অধীন পরীক্ষণ কার্য প্রতি তিন বৎসরে কমপক্ষে একবার প্রধান পরিদর্শক অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শকের উপস্থিতিতে পরিচালিত হইবে, যাহাতে তিনি নিশ্চিত হইতে পারেন যে পাইপলাইনের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ পদ্ধতি জনজীবন ও সম্পত্তির নিরাপত্তা হানিকর নহে।

(২) উক্তরূপ পরীক্ষণের যথাযথ যাচাইয়ের জন্য পরিদর্শক বা উক্ত বিস্ফোরক পরিদর্শককে পরিচালক প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করিবেন।

৭ম পরিচ্ছেদ মজুদ ও বিতরণ

৭[৮৫। গ্যাসাধারে গ্যাস মজুদের ক্ষেত্রে গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর প্রয়োগ।- যে কোন প্রকার গ্যাসাধারে গ্যাস মজুদের ক্ষেত্রে গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।]

৮৬। গ্যাস ৭[ও কনডেনসেট] মজুদের লাইসেন্স ইত্যাদি।- (১) কোন ব্যক্তি ৭[গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর আওতায় মঞ্জুরীকৃত] লাইসেন্স ব্যতিরেকে কোন পাইপাকৃতি বা বোতলাকৃতি গ্যাসাধারে অথবা ভূ-গর্ভস্থ প্রাকৃতিক গ্যাসাধার ব্যতীত অন্য কোন ভূ-গর্ভস্থ গ্যাসাধারে গ্যাস মজুদ করিবেন না:

তবে শর্ত থাকে যে, এক বা পরস্পর সম্পর্কযুক্ত একাধিক আধারে অনধিক ৩ ঘনমিটার গ্যাস এক স্থানে মজুদের ক্ষেত্রে কোন লাইসেন্স প্রয়োজন হইবে না।

৪[(২) কনডেনসেট মজুদ, পরিবহন ইত্যাদির ক্ষেত্রে Petroleum Rules, 1937 এর বিধানাবলী প্রযোজ্য হইবে এবং উক্ত বিধিমালার আওতায় লাইসেন্স গ্রহণ করিতে হইবে।]

৫[(৩)-(৭)

৮৭। বিতরণ ব্যবস্থার চাপ নিয়ন্ত্রণ।- (১) কোন বিতরণ ব্যবস্থায় উহার জন্য অনুমোদিত সর্বোচ্চ পরিচালন চাপমাত্রা অপেক্ষা উচ্চতর চাপমাত্রা সম্পন্ন উৎস হইতে গ্যাস সরবরাহকৃত হইলে উক্ত সরবরাহ গ্রহণের স্থানে এইরূপ কার্যকর চাপ নিয়ন্ত্রণ যন্ত্র, অতঃপর এই বিধিতে প্রাথমিক চাপ নিয়ন্ত্রক বলিয়া উল্লিখিত, হইবে যাহাতে যন্ত্রটি উক্ত উচ্চতর চাপ মাত্রাকে উক্ত সর্বোচ্চ পরিচালন চাপমাত্রার মধ্যে সীমিত রাখিতে সক্ষম হয়।

(২) প্রাথমিক চাপ নিয়ন্ত্রক যন্ত্রটি ছাড়াও বিতরণ ব্যবস্থাকে আকস্মিক উচ্চ চাপ হইতে রক্ষার নিমিত্ত উহাতে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহের মধ্যে যে কোন একটি ব্যবস্থা যুক্ত করিতে হইবে, যথা:-

- (ক) রিলিফ ভালভ স্থাপন;
- (খ) প্রাথমিক চাপ নিয়ন্ত্রকের সহিত একটি মনিটরিং রেগুলেটর স্থাপন;
- (গ) প্রাথমিক চাপ নিয়ন্ত্রকের উজানে একটি সিরিজ রেগুলেটর স্থাপন;
- (ঘ) প্রাথমিক চাপ রেগুলেটরের সহিত স্বয়ংক্রিয় শাট অফ যন্ত্র স্থাপন।

৮৮। বিতরণ ব্যবস্থা অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপ।- কোন বিতরণ ব্যবস্থার জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপ নিম্নবর্ণিত চাপমাত্রা অপেক্ষা বেশী হইবে না, যথা:-

- (ক) উক্ত বিতরণ ব্যবস্থার সংশ্লিষ্ট অংশের দুর্বলতম উপকরণ যে সর্বোচ্চ চাপমাত্রা সহ্য করিতে পারে সেই চাপমাত্রা;
- (খ) উক্ত বিতরণ ব্যবস্থার সার্ভিস লাইনে কোন চাপ নিয়ন্ত্রণ যন্ত্র অথবা চাপ সীমিতকরণ যন্ত্র সংযুক্ত না হইলে ০.১ কেজি/সেমি^২;
- (গ) বিতরণ ব্যবস্থার কোন অংশ বিধি ১০ (৩) এর শর্ত পূরণ না করিলে ৪ কেজি/সেমি^২।

৮৯। গৃহস্থালির কাজে ব্যবহার্য পাইপলাইনের জন্য অনুমোদনযোগ্য সর্বাধিক পরিচালন চাপ।- গৃহস্থালির কাজে ব্যবহার্য পাইপলাইনের জন্য অনুমোদনের যোগ্য সর্বাধিক পরিচালন চাপ হইবে পাইপলাইনের সহিত সংযুক্ত গ্যাস চুল্লী ক্ষতিগ্রস্ত বা উহা হইতে কোন বিশদ হইতে পারে। এইরূপ চাপমাত্রা অপেক্ষা অথবা ০.১ কেজি/সেমি^২, এই দুইয়ের মধ্যে যাহা কম।

৯০। কতিপয় ব্যবহারকারীকে সরবরাহকৃত গ্যাসের চাপ নিয়ন্ত্রণ।- (১) কোন বিতরণ ব্যবস্থার পরিচালন চাপ ০.১ কেজি/সেমি^২ এর বেশী কিন্তু অনধিক ৪ কেজি/সেমি^২ হইলে, উহাতে এমন একটি সার্ভিস রেগুলেটর ব্যবহার করিতে হইবে, যেন-

- (ক) উহা উক্ত পরিচালন চাপকে পাইপলাইনের সহিত সংযুক্ত চুল্লীর প্রস্তুতকারক কর্তৃক সুপারিশকৃত চাপমাত্রার মধ্যে সীমিত রাখিতে হইবে।
- (খ) উক্ত রেগুলেটর এমন একটি সিংগেল পোর্ট ভালভ সংযুক্ত থাকে যাহার ব্যাস রেগুলেটরের নির্মাতা কর্তৃক সুপারিশকৃত রন্ড ব্যাস (orificediameter) অপেক্ষা কম;

(গ) উহার সহিত সংযুক্ত পাইপলাইনের ব্যাস ৫ সেন্টিমিটারের বেশী না হয়।

- ১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে প্রতিস্থাপিত।
 ২,৩,৪ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।
 ৫ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে বিলুপ্ত।

- (২) উপ-বিধি (১) এ উল্লিখিত সার্ভিস রেগুলেটরটি উক্ত উপ-বিধির দফা (ক), (খ) ও (গ) এর শর্তসমূহ পূরণ না করিলে, উহাতে মনিটরিং রেগুলেটর অথবা স্বয়ংক্রিয় শার্ট-অফ-ভালভ অথবা অন্যবিধ উপযুক্ত যন্ত্রাদি স্থাপন হইবে যাহাতে সার্ভিস রেগুলেটর অকার্যকর হইয়া পড়িলে ব্যবহারকারীর যন্ত্রপাতির উপর আকস্মিক চাপ বৃদ্ধি নিবারণ করা সম্ভব হয়।
- (৩) বিতরণ ব্যবস্থার কোন অংশে পরিচালন বাষ্প ৪ কেজি/সে: মিঃ^২ অপেক্ষা বেশী হইলে, ব্যবহারকারীর যন্ত্রে সরবরাহকৃত গ্যাসের চাপমাত্রা নিয়ন্ত্রণকল্পে নিম্নরূপ পদ্ধতিসমূহ অবলম্বন করিতে হইবে, যথা:-
- (ক) উপ-বিধি (১) বর্ণিত ধরনের একটা সার্ভিস রেগুলেটর এবং উহার উজানে একটি প্রাথমিক চাপ নিয়ন্ত্রক স্থাপন করিতে হইবে;
- (খ) উক্ত প্রাথমিক চাপ নিয়ন্ত্রকের চাপ নিয়ন্ত্রণ ক্ষমতা এইরূপ হইবে যেন উহা পরিচালন চাপকে ৪ কেজি/সে: মিঃ^২ এর মধ্যে সীমিত রাখিতে পারে;
- (গ) রিলিফ ভালভ কিংবা স্বয়ংক্রিয় শার্ট-অফ ভালভ বা অনুরূপ একটি চাপ নিয়ন্ত্রণ যন্ত্র, প্রাথমিক চাপ নিয়ন্ত্রক এবং সার্ভিস রেগুলেটরের মধ্যবর্তী কোন স্থানে, স্থাপন করিতে হইবে যাহাতে প্রাথমিক চাপ নিয়ন্ত্রক কোন কারণে অকার্যকর হইয়া পড়িলে পরিচালন চাপ ৪ কেজি/সে: মিঃ^২ এ সীমিত রাখা সম্ভব হয়।

৯১। মিটার ও রেগুলেটরসমূহের অবস্থান।- (১) ব্যবহারকারীর মিটার ও রেগুলেটর সমূহ, স্থানীয় অবস্থা ভেদে, ভবন বা অংগনের অভ্যন্তরে বা বাহিরে স্থাপন করা যাইবে, তবে বিধি ৯০ (৩) (ক)-তে উল্লিখিত প্রাথমিক চাপ নিয়ন্ত্রকটি সংশ্লিষ্ট ভবন বা অংগনের বাহিরে স্থাপন করিতে হইবে।

- (২) কোন ভবন বা অংগনের অভ্যন্তরে সার্ভিস রেগুলেটর বা মিটার স্থাপনের ক্ষেত্রে উহা এইরূপ স্থানে স্থাপন করিতে হইবে যে, উহা সংশ্লিষ্ট গ্রাহক লাইনের আরম্ভ স্থানের নিকটে হয়; যথাসম্ভব সহজেই উহার নাগাল পাওয়া যায় এবং রেগুলেটরটি বায়ু চলাচল উপযোগী স্থানে থাকে।
- (৩) উক্ত মিটার বা রেগুলেটর শয়নক্ষে বা গোসলখানায় বা রান্নাঘরে বা সহজ দাহ্য সিঁড়িঘরে বা সহজে প্রবেশযোগ্য নয় বা পর্যাপ্ত বায়ু চলাচল করে না এইরূপ স্থানে স্থাপন করা চলিবে না, এবং উহাদিগকে বৈদ্যুতিক চুল্লী বা অগ্নিশিখা সৃষ্টিকারী যে কোন উৎস হইতে কমপক্ষে ১ মিটার দূরত্বে স্থাপন করিতে হইবে।

৮ম পরিচ্ছেদ
দুর্ঘটনার রিপোর্ট

৯২। দুর্ঘটনার রিপোর্ট।- কোন পাইপলাইনে বা সংযুক্ত ব্যবস্থাদিতে সংঘটিত কোন দুর্ঘটনাতে জ্ঞান, মাল বা গ্যাস সরবরাহ ব্যবস্থার ক্ষতি হইলে, সংশ্লিষ্ট পরিচালকের কোন দায়িত্বশীল কর্মকর্তা তৎসম্পর্কে অবিলম্বে প্রধান পরিদর্শকের নিকট এবং নিকটতম থানায় দ্রুততম পন্থায় দুর্ঘটনার খবর পৌছাইবেন, অতঃপর দুর্ঘটনা সংঘটিত হওয়ার অনধিক ১৫ দিনের মধ্যে তৎসম্পর্কে প্রধান পরিদর্শকের নিকট বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করিবেন।

৯৩। কতিপয় ছিদ্র সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।- (১) বিধি ৯২ এর বিধান পালন ছাড়াও প্রত্যেক পরিচালক পাইপলাইনের সেই সকল ছিদ্র সম্পর্কে একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিবেন, যে সকল ছিদ্রের কারণে-

(ক) পাইপলাইনের কোন অংশে গ্যাস পরিবহন বন্ধ রাখিতে হইয়াছে;

(খ) গ্যাসের প্রস্ফলন সংঘটিত হইয়াছে;

(গ) জন নিরাপত্তা বিধানকল্পে উক্ত স্বরিত মেরামতের ব্যবস্থাসহ পার্শ্ববর্তী কোন ভবন খালি বা পার্শ্ববর্তী রাস্তায় যান চলাচল বন্ধ বা অন্য কোন রাস্তা দিয়া যান চলাচলের ব্যবস্থা করিতে হইয়াছে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ছিদ্র ছাড়াও, যদি কোন পাইপলাইনের এমন কোন ছিদ্রের সৃষ্টি হইয়া থাকে যাহার ক্ষেত্রে উক্ত উপ-বিধির (ক), (খ) বা (গ) দফায় শর্ত প্রযোজ্য না হইলেও অন্য কোন সম্পর্কেও উক্ত বার্ষিক প্রতিবেদন উল্লেখ করিতে হইবে।

(৩) এই বিধির অধীন প্রেরিতব্য প্রতিবেদনে নিম্নরূপ তথ্যাবলী উল্লেখ করিতে হইবে যথা:-

(ক) ছিদ্রের অবস্থান.

(খ) ছিদ্রটি সৃষ্টি হওয়ার সময়,

(গ) ছিদ্রের ফলে সংঘটিত যে কোন ধরণের ক্ষতি;

(ঘ) অন্যান্য প্রাসংগিক তথ্য যাহা ছিদ্র সৃষ্টির কারণ বা উহার ফলজনিত ক্ষতির সহিত সম্পর্কযুক্ত বলিয়া পরিচালক মনে করেন।

(৪) সংশ্লিষ্ট বৎসরে বিধি ৯২ এর অধীনে কোন প্রতিবেদন প্রেরিত হইয়া থাকিলে তাহাও বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৫) এই বিধির অধীনে প্রেরিতব্য বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরের পরবর্তী দুই মাসের মধ্যে প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে।

৯ম পরিচ্ছেদ

বিবিধ

৯৪। বিধিমালার অপরিপাকতার ক্ষেত্রে আমেরিকান বা বৃটিশ কোডের [বা নরসক স্ট্যান্ডার্ড (NORSOK STANDARD) এর] **প্রয়োগ।-** গ্যাস সঞ্চালন, বিতরণ, মজুদ বা গ্রাহকের নিকট সরবরাহের উদ্দেশ্যে ব্যবহৃত সব ধরণের পাইপ ও অন্যান্য সরঞ্জামাদির ডিজাইন, গঠন, নির্মাণ, পরীক্ষণ পদ্ধতি, পরিদর্শন, পরিচালনা, জরীপ ও উহাদের রক্ষণাবেক্ষণসহ অন্য যে কোন বিষয়ে এই বিধিমালার সংশ্লিষ্ট বিধান অপরিপাক প্রতীয়মান হইলে, উক্ত বিষয়ে প্রধান পরিদর্শকের অনুমোদন সাপেক্ষে, আমেরিকান কোডের অথবা বৃটিশ কোডের [বা নরসক স্ট্যান্ডার্ড (NORSOK STANDARD)] এর নিয়মাবলী প্রযোজ্য হইবে।

৯৫। রহিত করণ ও হেফাজত।- (১) Mineral Gas Safety Rules, ১৯৬০ এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ স্বেও, রহিত Rules এর অধীন প্রদত্ত কোন অনুমোদন, আদেশ বা লাইসেন্স, এই বিধিমালার বিধানের সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, বহাল থাকিবে।

^১ এস.আর.ও. নং ১৯৬ - আইন/২০০৩ তারিখ: ১/৭/০৩ এর মাধ্যমে সংযোজিত।